

আদালতে আশ্রয়প্রার্থীদের গ্রেপ্তার 'অমানবিক'

মন্তব্য কংগ্রেসম্যান গোল্ডম্যানের

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে ফেডারেল ইমিগ্রেশন এজেন্সি আইস এর অভিযান নিয়ে তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন ৮-এর পৃষ্ঠায় দেখুন

ম্যানহাটনে কংগ্রেসম্যানের অফিসে

ডিএইচএস এজেন্টদের হস্তক্ষেপে উত্তেজনা

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের কংগ্রেসম্যান জেরি ন্যাডলারের ম্যানহাটন অফিসে ঢুকে এক স্টাফ সদস্যকে হাতকড়া পরিয়েছে হোমল্যান্ড সিকিউরিটি ডিএইচএস এর এজেন্টরা। গত ২৮ মে বুধবার ঘটনাটি ঘটে প্রতিবেশী ফেডারেল ভবনে বিক্ষোভের পর। এ ঘটনার ভিডিও প্রকাশের পর ক্ষোভ প্রকাশ করেছেন জেরি ন্যাডলার। তিনি অভিযোগ করেন, ডিএইচএস এজেন্টরা বেআইনিভাবে অফিসে ঢুকে "দাঙ্গাকারীদের ৬-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com ■ Vol. 29 || Issue 35 / June 2, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩৫ ॥ সোমবার, জুন ২, ২০২৫, জ্যৈষ্ঠ ১৯, ১৪৩২ ॥ জিলহজ্ব ৫, ১৪৪৬

ফ্লোরিডায় ২৯তম এশিয়ান এক্সপো এন্ড কালচারাল শো সম্পন্ন

রেকর্ড সংখ্যক জনসমাগমের ইতিহাস



বাংলা পত্রিকা রিপোর্ট: ফ্লোরিডার ওয়েস্ট পামবীচে দুইদিনব্যাপী ২৯তম এশিয়ান এক্সপো এন্ড কালচারাল শো সম্পন্ন হয়েছে। বাংলাদেশ এসোসিয়েশন অফ ফ্লোরিডা ইউএসএর আয়োজনে এশিয়ান এক্সপো এন্ড কালচারাল শো ঘিরে ওয়েস্টপাম বিচের ফেয়ার গ্রাউন্ড হয়ে উঠে উত্তর আমেরিকায় বসবাসরত প্রবাসী কমিউনিটির মিলনমেলায়। বিশেষ করে বাংলাদেশিসহ এশিয়ান কমিউনিটির হাজার হাজার মানুষের উপস্থিতিতে ৩১ মে শনিবার ও ১ জুন রোববার ওয়েস্ট পামবিচের ফেয়ার গ্রাউন্ডে ছিলো উৎসবের আমেজ। বাংলাদেশসহ এশিয়ার ২০ টি দেশে সংস্কৃতি, কৃষ্টি ও কালচারাল শো ছিলো নজর কাড়া। ছিলো কনসার্ট, শতাধিক স্টলে পোষাক, হোম এপ্লায়েন্স, খাদ্যসামগ্রী ও বিভিন্ন পণ্যের সমারোহ। সুশৃঙ্খল এ আয়োজনে বিনোদন সহ নানা পণ্যের মেলা এবং উৎসবে মেতে উঠেন নিউইয়র্ক, নিউজার্সী, টেক্সাস, জর্জিয়া, ওয়াশিংটন ডিসি, মিশিগানসহ কয়েকটি স্টেট থেকে আসা কমিউনিটির লোকজন। শনিবার দুপুর থেকে শুরু হওয়া আয়োজনে বাংলাদেশ, ভারত, পাকিস্তান, থাউল্যান্ড, শ্রীলংকাসহ এশিয়ান বিভিন্ন দেশের শিল্পীদের নৃত্য, সংগীতসহ বিভিন্ন বিনোদমূলক আয়োজন ছিলো সবার নজরকাড়া।

এর আগে ৩০ মে শুক্রবার সন্ধ্যায় হোটেল হিলটন ৫-এর পৃষ্ঠায় দেখুন

৫ লাখ অভিবাসীকে ফেরত পাঠাতে সুপ্রিম কোর্টের রায়

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট এক জরুরি আদেশে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনকে মানবিক প্যারোল কর্মসূচি বাতিলের অনুমতি দিয়েছে। এই কর্মসূচির আওতায় কিউবা, হাইতি, নিকারাগুয়া ও ভেনেজুয়েলা থেকে আসা প্রায় ৫ লাখ অভিবাসী সাময়িকভাবে যুক্তরাষ্ট্রে বসবাস ও কাজের সুযোগ পাচ্ছিলেন। এই কর্মসূচিটি বাইডেন প্রশাসনের আমলে চালু হয়েছিল।

শুক্রবার সিএনএন তাদের প্রতিবেদনে জানিয়েছে, চলতি মাসে এই নিয়ে দ্বিতীয়বারের মতো সুপ্রিম কোর্ট ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতিকে সমর্থন জানালেন। আদালত এর আগে ভেনেজুয়েলার নাগরিকদের জন্য চালু আরেকটি সাময়িক কর্মসূচি বাতিলের পথও উন্মুক্ত করে দেয়।

আদেশটি সংক্ষিপ্ত ছিল এবং স্বাক্ষরবিহীন। যথারীতি, আদালতের জরুরি ডকেটের মামলার আদেশে কোনো যুক্তি বা ব্যাখ্যা দেওয়া হয়নি। তবে দুই উদারপন্থী বিচারপতি সোনিয়া সোতোমেয়র ও কেটানজি ব্রাউন জ্যাকসন ৫-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্ক স্টেটে ঈদে ছুটির দাবি

নিউইয়র্ক: নিউইয়র্ক সিটির মতো পুরো স্টেট জুড়ে ঈদের দিন ছুটি ঘোষণা সহ মোট ৯টি দাবি স্টেট সিনেট ও অ্যাসেম্বালিতে তুলে ধরেছে বাংলাদেশি আমেরিকান অ্যাডভোকেসি গ্রুপ (বাগ)। গত ২৭ মে মঙ্গলবার আলবেনীতে ১১ তম মুসলিম এডভোকেসি লেজিসলেটিভ ডে'তে এসব দাবি করা হয়।

নিউইয়র্কের রাজধানী আলবেনীতে অনুষ্ঠিত অ্যাডভোকেসি ডেতে অর্ধশতাধিক স্টেট অ্যাসেম্বলি ও সিনেট সদস্যদের সঙ্গে আলোচনায় তারা এসব দাবি তুলে ধরেন। মোট ৯ দফা দাবির মধ্যে আটটিই সিনেট ও অ্যাসেম্বালিতে ৫-এর পৃষ্ঠায় দেখুন

আদালতে আইসের গ্রেপ্তারের শিকার অভিবাসীরা!

উদ্বেগ আইনজীবিদের



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রজুড়ে অভিবাসন (ইমিগ্রেশন) আদালতের ফটক বা তার আশেপাশে থেকে অভিবাসীদের গ্রেপ্তার করছে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এজেন্টরা। আদালতে নিয়মিত শুনানীতে গিয়ে অভিবাসীরা এমন গ্রেপ্তারে শিকার হচ্ছেন। এই পরিস্থিতি আইনজীবী ও অধিকারকর্মীদের মধ্যে তীব্র উদ্বেগ তৈরি করেছে। তাদের মতে, অভিবাসন আদালত এখন আর ন্যায়বিচারের জায়গা নয়, বরং হয়ে উঠছে ভয়ের এলাকা। বিশেষ করে এ আটক ৫-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

সিটির সাবওয়েতে বেড়েছে হামলা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির সাবওয়েতে বেড়েছে দূর্বৃত্তদের হামলা। এ বছরের ১ জানুয়ারি থেকে ২৫ মের মধ্যে গুরুতর অপরাধ বিবেচিত ২৫৫টি হামলা হয় সাবওয়ে ব্যবস্থায়। গত বছরের একই সময়ে হামলার সংখ্যা ছিল ২১৪টি।

চলতি বছর নিউইয়র্ক সিটির সাবওয়েগুলোতে গুরুতর অপরাধ হিসেবে বিবেচিত হামলার সংখ্যা ১৯ শতাংশ বেড়েছে বলে জানিয়েছে পুলিশ। নিউইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট-এনওয়াইপিডির বরাত দিয়ে শনিবার এ তথ্য জানিয়েছে নিউইয়র্ক পোস্ট। ৬-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
Emirates ETIHAD QATAR ARC
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



ইউএস এএল'র প্রেস কনফারেন্স

আ. লীগ নেতাকর্মীদের উপর নির্যাতনের ঘটনায় আইসিটি আইনে মামলা করার ঘোষণা

বাংলা পত্রিকা রিপোর্ট: আওয়ামী লীগ সরকার পতনের পর সারাদেশে আওয়ামী লীগ নেতাকর্মীদের হত্যা, হামলা-মামলা ও নির্যাতন সহ বিভিন্ন অভিযোগে ক্ষমতাসীন অন্তবর্তী সরকারের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিটি)-তে মামলা দায়ের ঘোষণা দিয়েছেন যুক্তরাষ্ট্র ভিত্তিক লুম্যান কমিউনিট্যাটিস ইনক নামক মানবাধিকার ভিত্তিক সংগঠন। গত ২৫ মে শনিবার বিকেলে জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানানো হয়।

সম্মেলনে গ্লোবাল হিউম্যান রাইটসের এটর্নি মাহামুদুল হাসান বর্তমান সরকারের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের বর্ণনা দিয়ে বলেন, জুলাই'২৪ থেকে এপ্রিল'২৫ পর্যন্ত বাংলাদেশে মানবিক এবং সাংবিধানিক সংকট সৃষ্টি করে সহিংস্র ছাত্র বিদ্রোহ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পতনের পর ড. ইউনুস নেতৃত্বাধীন সরকার অবৈধভাবে ক্ষমতা দখল করে আছে। সংবাদ সম্মেলনে বাংলাদেশে মানবাধিকার নিবর্তনমুলক ঘটনায় সরকারের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে মামলা করার ঘোষণা দেন। পাশাপাশি দেশের বিপন্ন লোকজনকে রক্ষার জন্য জাতিসংঘ এবং আইসিসিকে মনিটর করার আহবান জানানো হয়।

সংবাদ সম্মেলনের অভিযোগ করে বলা হয়, উল্লেখিত সময়ে ৭০০ দণ্ডপ্রাপ্ত সন্ত্রাসীদের মুক্তি দেয়া সহ সহিংসতায় ছয় শতাধিক বেসামরিক লোক সহ ৪৪ জন পুলিশ কর্মকর্তা নিহত হয়েছে। এছাড়াও ধর্মীয় সংখ্যালঘুদের বাড়ী, মন্দির, ব্যবসা প্রতিষ্ঠান পুড়িয়ে দেয়া হয়। পাশাপাশি সাংবাদিক, আইনজীবী এবং বিরোধী দলের নেতাকর্মীদের অপহরণ, নির্যাতন এবং মিথ্যা মামলায় কারারুদ্ধ করা হয়। মানবতার বিরোধী কার্যক্রম অপহরণ, হত্যা, নিপীড়ন, নির্যাতন এবং কারাবাস মত ঘটনায় এখন কোন জবাবদিহিতা নেই। এইসব মানবাধিকার নিবর্তনমুলক ঘটানায় সরকারের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে মামলা করার ঘোষণা দেয়া হয় সংবাদ সম্মেলনে। পাশাপাশি দেশের বিপন্ন লোকজনকে রক্ষার জন্য জাতিসংঘ এবং আইসিটিকে মনিটর করারও আহবান জানানো হয়।

সংবাদ সম্মেলনে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমদাদ চৌধুরী প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ট্রাম্প নিজেই ভর্তি হতে পারেননি বলে কি হার্ভার্ডের ওপর এত ক্ষোভ?

বাংলা পত্রিকা ডেস্ক: হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ওপর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ক্ষুব্ধ হওয়ার কারণ নিয়ে নানা জল্পনা রয়েছে। অনেকেই মনে করেন, ট্রাম্পের ছেলে ব্যারন হার্ভার্ডে সুযোগ পাননি বলে ট্রাম্প ক্ষোভ পুষে রেখেছেন। তবে বিস্ময়কর এক তথ্য সামনে এনেছেন ট্রাম্পের জীবনীকার মাইকেল ওলফ। তিনি বলেন, ট্রাম্প নিজেই হার্ভার্ড প্রত্যাখ্যাত। তিনি হার্ভার্ডে ভর্তি হতে পারেননি।

যুক্তরাষ্ট্রের অনলাইন সংবাদ ও মিডিয়া প্ল্যাটফর্ম দ্য ডেইলি বিস্টের এক পডকাস্ট অনুষ্ঠানে ট্রাম্পের বিষয়ে নতুন এই তত্ত্ব হাজির করেন 'ফায়ার অ্যান্ড ফিউরি', 'সিজ: ট্রাম্প আন্ডার ফায়ার' এবং এ বছর বাজারে আসা 'অল অর নাথিং: হাউ ট্রাম্প রিক্যাপচারড আমেরিকা' বইয়ের লেখক মাইকেল ওলফ।

হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ওপর ট্রাম্পের ক্ষোভ নিয়ে সেখানে নতুন তত্ত্ব হাজির করেন মাইকেল ওলফ। গত বৃহস্পতিবার প্রচারিত দ্য ডেইলি বিস্ট পডকাস্টের উপস্থাপক ছিলেন জোয়ানা কোলস। পডকাস্টে হার্ভার্ডসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ট্রাম্পের ক্ষোভ নিয়ে আলোচনা করেন তাঁরা।

ওলফ বলেন, 'ট্রাম্প যা কিছু করেন, তার পেছনে অতিরিক্ত হিসাব-নিকাশ বা পরিকল্পনা থাকার দরকার নেই। তবে এ কথাও সত্য যে তিনি হার্ভার্ডে ভর্তি হতে পারেননি। তাই ট্রাম্পের এক পরিচিত বৈশিষ্ট্য হলো আইভি লিগের বিরুদ্ধে রাগ ধরে রাখা।'

আইভি লিগ হলো যুক্তরাষ্ট্রের আটটি প্রাচীন ও সুপরিচিত বিশ্ববিদ্যালয়ের একটি গোষ্ঠী। এগুলো শিক্ষার উচ্চমান, শক্তিশালী একাডেমিক পরিবেশ, ইতিহাস ও সামাজিক মর্যাদার জন্য বিশ্ববিখ্যাত।



উল্লেখ্য হার্ভার্ডে সুযোগ না পেলেও ট্রাম্প পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেছেন।

হোয়াইট হাউসের একজন মুখপাত্র ওলফের ওই দাবি নাকচ করে দিয়েছেন। তিনি লেখক মাইকেল ওলফ এবং দ্য ডেইলি বিস্টের বিরুদ্ধে মিথ্যা খবর ছড়ানোর অভিযোগ করেন।

টেলর রজার্স নামের ওই মুখপাত্র বলেন, ওলফ ও জোয়ানা দুজনেই ক্লিকবেইটের জন্য মিথ্যা খবর ছড়াচ্ছেন। একজন সফল ব্যবসায়ী এবং ইতিহাসের সবচেয়ে পরিবর্তন ঘটানো প্রেসিডেন্ট হিসেবে সফল হতে ট্রাম্পের জন্য হার্ভার্ডের মতো অতি মূল্যায়িত এবং দুর্নীতিগ্রস্ত প্রতিষ্ঠানে আবেদন করার কোনো দরকার ছিল না।


জনসাধারণের জন্য প্রকাশিত কোনো রেকর্ড বা প্রতিবেদন নেই, যা থেকে জানা যায় যে ট্রাম্প ১৯৬০-এর দশকে হার্ভার্ডে আবেদন করেছিলেন কি না। প্রকাশিত কোনো জীবনীতেও এমন দাবি করা হয়নি। ট্রাম্পের উদ্দেশ্য সম্পর্কে প্রশ্ন উঠলে হার্ভার্ডের আইনজীবীরা তা অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিশ্লেষণ করবেন বলে ধারণা করা যায়।

ট্রাম্প প্রশাসন সম্প্রতি হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর প্রোগ্রামের (এসইভিপি) সনদ বাতিল করেছে। এতে বিশ্ববিদ্যালয়টি নতুন বিদেশি



বাংলাদেশ অন্তর্বর্তী সরকারে প্রথম বাজেট ৭ লাখ ৯০ হাজার কোটি

ঘাটতি ২ লাখ ৬৬ হাজার কোটি টাকা



বাংলা পত্রিকা ডেস্ক: আগামী ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেটের আকার ধরা হয়েছে ৭ লাখ ৮৯ হাজার ৯৯৯ কোটি টাকা, যা চলতি ২০২৪-২৫ অর্থবছরের মূল বাজেটের তুলনায় ৭ হাজার কোটি টাকা কম। প্রস্তাবিত বাজেটে জিডিপি প্রবৃদ্ধি ধরা হয়েছে ৫ দশমিক ৬ শতাংশ। বাজেট ঘাটতি ২ লাখ ৬৬ হাজার কোটি টাকা, যা মোট বাজেটের ৩ দশমিক ৬ শতাংশ। মূল্যস্ফীতি ৬ দশমিক ৫ শতাংশ এবং এডিপি ২ লাখ ৩০ হাজার কোটি টাকার প্রস্তাব করা হয়েছে। এটি বর্তমান সরকারের দৃষ্টিতে সংকোচনমূলক বাজেট।

বাংলাদেশ সময় সোমবার বিকেল ৩টার দিকে বাজেট উপস্থাপন করেন অর্থ উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ।

২০২৫-২৬ অর্থবছরে মোট ৫ লাখ ৬৪ হাজার কোটি টাকা রাজস্ব আয়ের প্রস্তাব করেছেন অর্থ উপদেষ্টা, যা জিডিপির ৯ শতাংশ। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের মাধ্যমে ৪ লাখ ৯৯ হাজার কোটি টাকা, যা ৬৩ দশমিক ২ শতাংশ। এছাড়া অন্যান্য উৎস থেকে ৬৫ হাজার কোটি টাকা সংগ্রহ করার প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে বৈদেশিক অনুদান থেকে শূন্য দশমিক ৬ শতাংশ, বৈদেশিক ঋণ ১২.২ শতাংশ, অভ্যন্তরীণ ঋণ ১৫ দশমিক ৮ শতাংশ, কর ব্যতীত প্রাপ্তি ৫ দশমিক ৮ শতাংশ ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর ২ দশমিক ৪ শতাংশ।

কোন খাতে কত বরাদ্দ

জনপ্রশাসনে ৩১ লাখ ৬ হাজার ২১৮ কোটি টাকা (বাজেটের ২৩ দশমিক ৫ শতাংশ) স্থানীয় ও পল্লী উন্নয়নে ৪৪ হাজার ৮৯৫ কোটি টাকা (বাজেটের ৫ দশমিক ৭ শতাংশ), প্রতিরক্ষায় ৪০ হাজার ৮৯৮ কোটি টাকা (বাজেটের ৫ দশমিক ২ শতাংশ), জনশৃঙ্খলা ও নিরাপত্তায় ৩৩ হাজার ৬০৩ টাকা (বাজেটের ৪ দশমিক ৩ শতাংশ), শিক্ষা ও প্রযুক্তিতে ১১ লাখ ৬৫৮ কোটি টাকা (বাজেটের ১৪ শতাংশ), স্বাস্থ্যে ৪১ হাজার ৯০৮ কোটি টাকা (বাজেটের ৫ দশমিক ৩ শতাংশ) প্রস্তাব করা হয়েছে।

এছাড়া সামাজিক নিরাপত্তা ও কল্যাণে ৪৫ হাজার ৭৬৬ কোটি টাকা (বাজেটের ৫ দশমিক ৭ শতাংশ), গৃহায়নে ৫ হাজার ১১০ কোটি টাকা (বাজেটের শূন্য দশমিক ৭ শতাংশ), বিনোদন, সংস্কৃতি ও ধর্মে ৬ হাজার ৫৪০ কোটি টাকা (বাজেটের শূন্য দশমিক ৮ শতাংশ), জ্বালানি ও বিদ্যুতে ২২ হাজার ৫২০ কোটি টাকা (বাজেটের দুই দশমিক ৯ শতাংশ), কৃষিতে ৪৬ হাজার ২৬৮ হাজার কোটি টাকা (বাজেটের ৫ দশমিক ৯ শতাংশ), শিল্প ও অর্থনীতি সেবায় ৪ হাজার ২৭২ কোটি টাকা (বাজেটে শূন্য দশমিক ৫ শতাংশ), পরিবহন ও যোগাযোগে ৭১ হাজার ৩৪৪ হাজার কোটি টাকা (বাজেটের ৯ শতাংশ) প্রস্তাব করা হয়েছে।

২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে সুদ পরিশোধের জন্য এক লাখ ১৩ হাজার ৫০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। আগামী অর্থবছরে বেতন, ভাতা ও ভর্তুকির মতো খরচ চলতি অর্থবছরের মতোই অপরিবর্তিত রয়েছে অর্থ উপদেষ্টার প্রস্তাবিত বাজেটে। বাজেট ঘাটতি জিডিপির পাঁচ শতাংশের নিচে রাখা হয়েছে।

অর্থ উপদেষ্টা তার বাজেট বক্তৃতায় বলেছেন, ঋণের সুদ পরিশোধে খরচ বেড়ে যাওয়ার পাশাপাশি রাজস্ব আদায় কম হওয়ায় বাজেটের আকার ছোট করতে বাধ্য হয়েছে সরকার।

আগামী অর্থবছরে সামগ্রিক বাজেট ঘাটতি ও ঋণ সহনীয় পর্যায়ে থাকবে উল্লেখ করে ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ঘাটতির পরিমাণ ২ লাখ ২৬ হাজার কোটি টাকা ধরার কথা জানিয়েছেন অর্থ উপদেষ্টা। যা জিডিপির ৩ দশমিক ৬ শতাংশ।

প্রস্তাবিত বাজেটে মোট ঘাটতির মধ্যে এক লাখ ২৫ হাজার কোটি টাকা অভ্যন্তরীণ উৎস থেকে এবং এক লাখ এক হাজার কোটি টাকা বৈদেশিক উৎস থেকে নেওয়ার প্রস্তাব করা হয়েছে। সুদ পরিশোধ বাবদ ব্যয় ধরা হয়েছে এক লাখ ২২ হাজার কোটি টাকা।

এর আগে সকালে রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার দপ্তরে অনুষ্ঠিত হয় উপদেষ্টা পরিষদের বিশেষ বৈঠক। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে ওই বৈঠকে আগামী ২০২৫-২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন দেওয়া হয়েছে। উপদেষ্টা পরিষদের বিশেষ বৈঠকে প্রস্তাবিত বাজেট অনুমোদন শেষে তাতে সই করেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। এরপর বাজেট ডকুমেন্টস নিয়ে রামপুরার বিটিভি ভবনে যান অর্থ উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ। সেখানে রেকর্ড করা হয় ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেট উপস্থাপনা। যা স্থানীয় সময় বিকাল ৩টায় সম্প্রচার শুরু করে বাংলাদেশ টেলিভিশন।



বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্বে মহিউদ্দিন দেওয়ান

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব গ্রহণ করেছেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান। সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম পবিত্র হজ্জ পালনের লক্ষ্যে সৌদি আরবে যাওয়ায় সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী তিনি এই দায়িত্ব গ্রহণ করেন। সভাপতি আতাউর রহমান সেলিম নিউইয়র্কে ফিরে আসার আগ পর্যন্ত তিনি এই দায়িত্ব পালন করবেন। সভাপতির অবর্তমানে এই দায়িত্ব পালনে মহিউদ্দিন দেওয়ান সকলের সহযোগিতা কামনা করেছেন।

এদিকে সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম সপরিবারে হজ্জ পালনের উদ্দেশ্যে নিউইয়র্ক ত্যাগ করেন সোমবার (২৬ মে)। নিউইয়র্ক ত্যাগের পূর্বে তিনি হজ্জের সকল আনুষ্ঠানিকতা সঠিকভাবে পালন করতে সকলের কাছে দোয়া চেয়েছেন। -প্রেস বিজ্ঞপ্তি।

জুন 2025

প্রাথমিক নির্বাচন

নির্বাচনের দিন: মঙ্গলবার, 24 জুন

আগাম ভোটদান: 14 জুন – 22 জুন

র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান ব্যবহার করে কীভাবে ভোট দেবেন



- আপনার 1ম পছন্দটি নির্বাচন করুন এবং 1ম কলামের নিচে সংশ্লিষ্ট ডিম্বাকৃতি অংশটি পূরণ করুন।
- আপনি কি একাধিক প্রার্থীকে পছন্দ করেন? পছন্দের ক্রমানুসারে 5 জন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক করুন।
- আপনি শুধুমাত্র 1 জন প্রার্থীকেও ভোট দিতে পারেন।
- একই প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করবেন না
- একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্ক দেবেন না।

ভোটকেন্দ্রে ভাষাগত অ্যাক্সেস

আপনার সাথে একজন দোভাষীকে আনার অধিকার আপনার রয়েছে।

CEC নির্দিষ্ট কিছু ভোটকেন্দ্রে এবং নির্দিষ্ট কিছু ভাষায় দোভাষীও সরবরাহ করবে।

এখানে গিয়ে আরো জানুন:

on.nyc.gov/vla

CEC NYC Civic Engagement Commission | VOTER LANGUAGE ASSISTANCE

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

রাজনীতির গতিধারা

সবকিছু মিলিয়ে রাজনীতি যে জটের মধ্যে পড়েছে, তাতে সাধারণ মানুষ বুঝে উঠতে পারছে না দেশের গন্তব্য কোন দিকে।

আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ, নির্বাচন নিয়ে বিএনপির সঙ্গে সরকারের সম্পর্ক শীতল, জামায়াতে ইসলামী ও এনসিপি নির্বাচন প্রশ্নে সরকারের সঙ্গে একমত এ রকম এক পরিস্থিতিতে নামসর্বস্ব বা এক নেতাকেন্দ্রিক দলগুলোও সক্রিয় হয়ে উঠেছে। জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানের পর বিএনপি ভেবেছিল, ক্ষমতায় আসা তাদের দলের জন্য সময়ের ব্যাপারমাত্র, কিন্তু অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, নির্বাচন বিষয়ে সরকার ও বিএনপি ঐকমত্যে পৌঁছাতে পারবে না। যত দিন যাচ্ছে, পরিস্থিতি ততটাই ঘোরালো হয়ে উঠছে।

শুধু নির্বাচনই গণতন্ত্রকে প্রকাশ করে না, এ কথা যেমন সত্য, তেমনি নির্বাচনবিহীন দীর্ঘ সময় পার করাও গণতন্ত্রকে জখম করে, এটাও সত্য। অন্তর্বর্তী সরকার যদি নির্বাচনী রোডম্যাপ ঘোষণা করত, তাহলে প্রতিটি দলই তাদের মতো করে নির্বাচনী প্রস্তুতি নিতে পারত। ডিসেম্বর থেকে জুন পর্যন্ত একটি সময়ের মধ্যে নির্বাচন হবে বলায় নির্বাচনের সময় সম্পর্কে সংশয় থেকেই যাচ্ছে। সরকারি বিভিন্ন কর্মকর্তা এবং সরকার-সমর্থক দলের নেতারা বলে যাচ্ছেন, জুনের পর এক দিনের জন্যও এই সরকার ক্ষমতায় থাকবে না। কিন্তু যদি জুনের পরও অন্তর্বর্তী সরকার ক্ষমতা না ছাড়ে, তাহলে পরিস্থিতি কোন দিকে যাবে? যেকোনো ধরনের সংঘাত পরিহার করার প্রস্তুতি প্রতিটি দলেরই থাকতে হবে।

আরও কিছু বিষয়ে আলোচনা করা জরুরি। শীর্ষ সন্ত্রাসীদের অনেককে আগস্টের পটপরিবর্তনের পর দ্রুত মুক্তি দেওয়া হয়েছিল। সম্প্রতি আবার সুব্রত বাইনসহ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে। ভালো কথা। কিন্তু অভ্যুত্থানের পরপর কেন শীর্ষ সন্ত্রাসীদের ছেড়ে দেওয়া হয়েছিল, সে প্রশ্ন এড়ানো যাবে না। শীর্ষ সন্ত্রাসীরা কি আওয়ামী লীগের প্রতিহিংসার বলি ছিল, নাকি আসলেই তারা সন্ত্রাস ঘটিয়েছিল বা ঘটানোর ক্ষমতা রাখত বলেই জেলে ছিল? এই প্রশ্নটির উত্তর পাওয়া যায়নি আজও। কেউ সন্ত্রাসীদের মুক্ত করার বিষয়ে কোনো ব্যাখ্যা দেননি। আওয়ামী লীগ আমলে করা মামলাগুলো হরেদরে বাতিল করে দেওয়া নিয়েও প্রশ্ন রয়েছে মানুষের মনে। বিশেষ করে গ্রেনেড হামলা মামলা নিয়ে যা হয়েছে, তা ব্যাখ্যার দাবি রাখে।

দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার বিষয়ে সশস্ত্র বাহিনীর প্রধানেরা যে বক্তব্য দিচ্ছেন, তা প্রণিধানযোগ্য। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকে অগ্রাহ্য করে যেকোনো বয়ান সৃষ্টির প্রবণতা দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে বিপন্ন করেড়এ কথা সবাইকে বুঝতে হবে। একাত্তরে পরাজিত শক্তির দোসররা এখন নতুন করে ইতিহাস লিখতে চাইলে জনগণ সেটা কোন চোখে দেখবে, তা খুবই গুরুত্বপূর্ণ একটি প্রশ্ন। একাত্তর নিয়ে বিশ্লেষণধর্মী গবেষণা হওয়া দরকার। রাজনীতিবিদেরা এই গুরুত্বপূর্ণ দিকটি যেন অবহেলা না করেন।

এই সময়ের সবচেয়ে ভয়ংকর যে অর্জন, তা হলো মব সন্ত্রাস। কোনো ধরনের প্রমাণ ছাড়াই যেকোনো মানুষকে শিকার বানিয়ে যা ইচ্ছে তাই করার যে প্রবণতা তৈরি হয়েছে, তার অবসান প্রয়োজন। একটা সুন্দর ভবিষ্যতের স্বপ্ন দেখতে হলে সে রকম উদার মনও দরকার। উদারতার জন্য প্রার্থনা করা ছাড়া এ মুহূর্তে আর কী-ইবা করার আছে?

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

প্রত্যাশিত পরিবর্তন কেন বেপথু

আজাদুর রহমান চন্দন

পৃথিবী নামের এই গ্রহের 'উন্নত জীবন-বিলাসী' বাসিন্দারা নিজেদের দৈনন্দিন কর্মকাণ্ডের মাধ্যমেই মূলত প্রতিনিয়ত বাড়িয়ে চলেছে কার্বন নিঃসরণ। তাতে তাপমাত্রা বেড়ে এমন পর্যায়ে পৌঁছাচ্ছে, যা গ্রহটির অস্তিত্বের জন্যই হুমকিস্বরূপ। ইউরোপীয় ইউনিয়নের কোপার্নিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিসের (সিথ্রিএস) বিজ্ঞানীরা জানিয়েছেন, তাপমাত্রা নথিভুক্তি শুরু করার পর থেকে ২০২৪ সালটি ছিল বিশ্বের সবচেয়ে উষ্ণতম বছর। গত বছর হঠাৎ করেই বিশ্বের তাপমাত্রা বেড়ে গিয়েছিল, বিষয়টি মোটেও তেমন নয়। বছর বছর বাড়ছে এই তাপমাত্রা। সিথ্রিএসের গবেষণামতে, আগের ১০ বছরের মধ্যে প্রতিটি বছরই বিশ্বের সর্বোচ্চ ১০ উষ্ণতম বছরের তালিকায় জায়গা করে নিয়েছে। হয়তো সামনের বছরগুলোতে তাপমাত্রা আরও বাড়বে। তাই বিশ্বজুড়ে এখন রব উঠেছে গ্রিনহাউস গ্যাস তথা কার্বন নিঃসরণ কমানোর। গবেষক ও জলবায়ুসচেতন মানুষেরা চাইছেন বিশ্বব্যাপী কার্বন নিঃসরণ শূন্যের কোঠায় নামিয়ে আনতে। না হলে যে আমাদের প্রিয় পৃথিবী মহাবিপর্যয়ের মুখোমুখি হবে।



জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের দায় খুব সামান্য। বাংলাদেশ মাত্র শূন্য দশমিক ৫ শতাংশের কম গ্রিনহাউস গ্যাস নির্গমন করে। অথচ জলবায়ু পরিবর্তনের মারাত্মক প্রভাব এখানেই সবচেয়ে বেশি। এমন প্রেক্ষাপটে ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে দায়িত্ব নেওয়ায় দেশে অন্তত পরিবেশ রক্ষায় বড় অগ্রগতির আশা জেগেছিল কারও কারও মনে। কারণ, মুহাম্মদ ইউনূস তাঁর যে তিন শূন্য তত্ত্বের জন্য বিশ্বজুড়ে আলোচিত, সেগুলো হচ্ছেড়শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব ও শূন্য কার্বন নিঃসরণ। তাঁর উপদেষ্টা পরিষদে একাধিক পরিবেশবাদী তারকা ঠাঁই পাওয়ায় পরিবেশ রক্ষায় অগ্রগতির আশা আরও দৃঢ় হয়েছিল। কিন্তু প্রায় ১০ মাসে এ ক্ষেত্রে সামান্য অগ্রগতির আভাসও কি মেলে? পদক্ষেপ বলতে আছে কেবল বিকল্প ব্যবস্থা না করেই বিপণিবিতানে পলিথিনের ব্যাগ ব্যবহার আর সেন্ট মার্টিনে পর্যটক যাওয়ায় নিষেধাজ্ঞা আরোপ। সেন্ট মার্টিন নিয়ে যদিও অন্য রকমের গুঞ্জন-সন্দেহ সবখানে।

কার্বন নিঃসরণ কমানোর প্রধান উপায় হলো জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমানো। বাংলাদেশ এখনো জীবাশ্ম জ্বালানির ওপরই নির্ভরশীল। ভৌগোলিক অবস্থানের কারণে দেশে নবায়নযোগ্য জ্বালানির সবচেয়ে সম্ভাবনাময় উৎস হচ্ছে সৌরশক্তি। বাংলাদেশ প্রতিদিন গড়ে ৪ দশমিক ৫ কিলোওয়াট আওয়ার/বর্গমিটার সৌর বিকিরণ লাভ করে। কিন্তু সৌরশক্তি কাজে লাগিয়ে দেশে এ পর্যন্ত বিদ্যুৎ উৎপাদন সম্ভব হয়েছে খুব সামান্যই। যেটুকু বিদ্যুৎ মিলছে তার বেশির ভাগই প্রত্যন্ত অঞ্চলে অফগ্রিড (জাতীয় গ্রিডের সঙ্গে সংযোগবিহীন) এলাকায় স্থাপিত সোলার হোম সিস্টেম থেকে, যা ব্যাটারিসর্বস্ব আইপিএসের মতোই। প্রতি মেগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদনের জন্য তিন একরের বেশি ভূমির প্রয়োজন হওয়ায় বড় আকারের সৌরবিদ্যুৎকেন্দ্র স্থাপন করা সম্ভব নয়। তবে গ্রিডে সংযুক্ত বিভিন্ন স্থাপনা যেমন বহুতল বাসাবাড়ি, বাণিজ্যিক ভবন ও শিল্পকারখানার অব্যবহৃত ছাদে সোলার সিস্টেম স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনে গুরুত্ব দেওয়া জরুরি। ইনস্টিটিউট ফর এনার্জি ইকোনমিকস অ্যান্ড ফিন্যান্সিয়াল অ্যানালাইসিসের (আইইইএফএ) এক গবেষণামতে, দেশের কারখানা ও বাণিজ্যিক ভবনগুলোর ছাদে ২ হাজার মেগাওয়াট সৌরবিদ্যুতের প্যানেল বসানোর মাধ্যমে বছরে এক বিলিয়ন ডলার পর্যন্ত সাশ্রয় করা সম্ভব। ছাদে সোলার হোম সিস্টেম স্থাপন করে জাতীয় গ্রিডের সঙ্গে যুক্ত করা হলে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে নবায়নযোগ্য জ্বালানির অবদান বাড়বে। কিন্তু সোলার প্যানেল সাশ্রয়ী না হওয়ায় এ ক্ষেত্রে অগ্রগতি আশাব্যঞ্জক নয়। অন্তর্বর্তী সরকার এই কয় মাসে দেশে সোলার প্যানেল তৈরির বড় আকারের অন্তত একটি কারখানা স্থাপনের উদ্যোগ নিতেই পারত। প্রধান উপদেষ্টা চাইলে নিজ প্রতিষ্ঠানের উদ্যোগেই সামাজিক ব্যবসার আওতায় এমন একটি কারখানা স্থাপন করতে পারতেন। কিন্তু হয়নি কিছুই। এমনকি স্থানীয়ভাবে স্বল্প ব্যয়ে নানা ধরনের বৈদ্যুতিক যানবাহন দেদার তৈরি হলেও সেগুলো বৈধভাবে চালানোর জন্য কোনো আইনিকাঠামো বানানো হয়নি।

এ দেশেরই একজন বিজ্ঞানী পাট থেকে এমন একধরনের পলিমার উদ্ভাবন করেছেন, যেটি পলিথিনের মতো হলেও সম্পূর্ণ পরিবেশবান্ধব। এই পলিমারের তৈরি ব্যাগ ফেলে দিলে পচে মাটির সঙ্গে মিশে যায়। ফলে পরিবেশের কোনো ক্ষতি হয় না। এই পলিমার দিয়ে রাষ্ট্রায়ত্ত লতিফ বাওয়ানী জুট মিলে পরীক্ষামূলকভাবে তৈরি ব্যাগের নাম দেওয়া হয় 'সোনালি ব্যাগ', যা বিশ্বব্যাপী সবার নজর কাড়ে। কিন্তু বাণিজ্যিকভাবে ব্যাপক হারে এই ব্যাগ তৈরি করা হলে কোনো নিষেধাজ্ঞা ছাড়াই পলিথিনমুক্ত দেশ গড়া অসম্ভব নয়। এ নিয়েও অন্তর্বর্তী সরকারের কোনো উদ্যোগ দেখা যায় না।

হাসিনা সরকারের পতন ঘটানোর পর জরুরি করণীয় ছিল দুর্নীতিমুক্ত, দক্ষ ও জনমুখী জনপ্রশাসন প্রতিষ্ঠা; জনবান্ধব বাজারব্যবস্থা চালু; সব ক্ষেত্রে বৈষম্য নিরসনের উদ্যোগসহ নির্বাচনব্যবস্থার আমূল সংস্কারের মাধ্যমে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার কাজে মনোযোগ দেওয়া। কিন্তু প্রশাসনে চেহারা বদল হলেও ব্যবস্থা বদলাচ্ছে না। জনমুখী বাজারব্যবস্থা প্রতিষ্ঠা তো চিন্তায়ও নেই। জুলাই গণ-অভ্যুত্থান ন্যায়বিচার ও স্বাধীন বিচারব্যবস্থার যে আকাঙ্ক্ষা তৈরি করেছিল, জামায়াতে ইসলামীর সাবেক ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল এ টি এম আজহারুল ইসলামকে খালাস দেওয়া-সংক্রান্ত রায় সেই আকাঙ্ক্ষার সঙ্গে কতটা খাপ খায়? এই রায়ের প্রতিবাদে প্রগতিশীল বিভিন্ন ছাত্রসংগঠনের কর্মসূচিতে শিক্ষার্থীদের ওপর ছাত্রশিবিরের ন্যক্কারজনক হামলায় বেশ কয়েকজন গুরুতর আহত হলেও হামলাকারীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়ার উদ্যোগ নেই। বিগত বছরগুলোতে সাধারণ শিক্ষার্থীদের আন্দোলনে ছাত্রলীগ যেভাবে হামলা করত, ছাত্রশিবির তেমনটিই করছে। যদিও ছাত্রলীগের হেলমেটের আড়ালে তখনো তারা তৎপর ছিল। এখন নারী শিক্ষার্থীদেরও আক্রমণ করা হচ্ছে টার্গেট করে। দাবিদাওয়ার কথা বলতে যাওয়ায় সিলেটের এক নারী শিক্ষার্থীকে ক্রমাগত হুমকি দেওয়া হচ্ছে।

ভিন্ন মতাবলম্বীদের বিরুদ্ধে মব সন্ত্রাসের পাশাপাশি অসাম্প্রদায়িক সাংস্কৃতিক কর্মকাণ্ড ও ঐতিহ্যের ওপর আঘাতও থেমে নেই। এই মব সন্ত্রাসীদের মূল টার্গেট একাত্তর, বায়ান্ন, বাঙালিয়ানা ও অসাম্প্রদায়িকতা। গাজী-কালু-চম্পাবতীর যে মেলা একসময় ছিল কুষ্টিয়ার কুমারখালী উপজেলার চাঁপাইগাছি গ্রামের প্রাণের স্পন্দন, এখন সেখানে যেন শুধুই শূন্যতায় শোকসভা। অসাম্প্রদায়িকতা ও লোকজ ঐতিহ্যের উদাহরণ হয়ে থাকা গাজী, কালু ও চম্পাবতীর নামে প্রায় ২০০ বছর ধরে চলে আসছে এই মেলা। প্রতিবছর জ্যৈষ্ঠ মাসের প্রথম সোমবার মেলাটি শুরু হয়। কিন্তু এবার এই মেলা আয়োজনের ক্ষেত্রে আপত্তি তোলে জামায়াতে ইসলামী। ফলে ঐতিহ্যবাহী মেলাটির অনুমোদন মেলেনি। সরকারি ও স্বায়ত্তশাসিত বিভিন্ন প্রতিষ্ঠান থেকে জগদীশচন্দ্র বসু, জীবনানন্দ দাশ, প্রফুল্লচন্দ্র রায়, বেগম রোকেয়ার মতো মনীষীদের নাম বাদ দেওয়ার তো হিড়িক পড়েছে বেশ আগেই। ইদানীং সংস্কার নামের মুলাটিকে নির্বাচনের মুখোমুখি করা হচ্ছে।

ডিসেম্বরের মধ্যে জাতীয় নির্বাচন দিতে বিএনপিসহ বিভিন্ন দলের জোর দাবির মধ্যে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস বলেছেন, সব দল নয়, শুধু একটি দলই চলতি বছরের ডিসেম্বরে নির্বাচন চায়। গত বৃহস্পতিবার জাপানের টোকিওতে নিক্কেই ফোরামে তিনি এ কথা বলেন। এর প্রতিক্রিয়ায় বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স সেদিনই ঢাকায় এক অনুষ্ঠানে বলেছেন, সিপিবি, বাম জোটসহ ৫০টির বেশি দল চলতি বছরের মধ্যে নির্বাচন চাইলেও প্রধান উপদেষ্টা বলেছেন মাত্র একটি দল ডিসেম্বরের মধ্যে নির্বাচন চায়। পরদিন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, ডিসেম্বরের মধ্যে জাতীয় সংসদ নির্বাচন দেশের এক ব্যক্তিই চান না এবং সেই ব্যক্তি মুহাম্মদ ইউনূস। কেউ কেউ বলতে চাইছেন, ডিসেম্বর আর জুনের মধ্যে সময়ের ফারাক তো সামান্যই। তাহলে সেটি নিয়ে কেন এত জেদাজেদি? আসলে প্রাকৃতিক কারণেই জুন মাসটা জাতীয় নির্বাচন আয়োজনের জন্য অনুকূল নয়। এ ছাড়া আওয়ামী লীগের অনুপস্থিতিতে ভোটের মাঠে অন্য কোনো শক্ত প্রতিদ্বন্দ্বী না থাকায় নির্বাচন হলেই বিএনপি ক্ষমতায় যাবেড়এমন ধারণা বিএনপির বাইরেরও অনেক মানুষের। কিন্তু নতুন একটি দলের প্রতি অন্তর্বর্তী সরকারের পক্ষপাত দেখে অনেকের সন্দেহ, নির্বাচন নিয়ে গড়িমসি করার প্রধান কারণ হতে পারে নতুন দলটিকে ক্ষমতায় যাওয়ার উপযোগী হওয়ার সুযোগ দেওয়া। বন্দর, করিডর নিয়ে সরকারের অতি উৎসাহের কথা আজ আর না-ইবা বললাম। প্রশ্ন শুধু, নীতিনির্ধারকদের নানা কূটচিন্তার কারণেই কি প্রত্যাশিত পরিবর্তন বেপথু?

লেখক: সাংবাদিক ও গবেষক

আদালতে আইসের

প্রথম পৃষ্ঠার পর

যুক্তরাষ্ট্রে ২ বছরের কম সময় ধরে অবস্থান করছেন তাদেরকেই মূলত টার্গেট করা হচ্ছে। নিউইয়র্ক, ক্যালিফোর্নিয়া, পেনসিলভানিয়া, ইলিনয়, ভার্জিনিয়া এবং অ্যারিজোনাসহ বিভিন্ন রাজ্যে এমন গ্রেপ্তারের ঘটনা ঘটছে।

এই নতুন ধরপাকড়ের লক্ষ্য হল আদালতে অভিবাসন মামলার সংখ্যা দ্রুত কমানো এবং বেশি সংখ্যক মানুষকে তাড়াতাড়ি ফেরত পাঠানো। বর্তমানে ৪০ লাখ অভিবাসন মামলা আদালতে ঝুলে আছে, যার মধ্যে ১৮ লাখই ২০২৪ সালে দায়ের হয়েছে।

সিএনএন-এর প্রতিবেদনে বলা হয়, ট্রাম্প প্রশাসনের অভিবাসন তৎপরতার সর্বশেষ নীতি অনুযায়ী, ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্টরা আদালতের ভেতরেই অভিযান চালাচ্ছেন। নির্দেশনা অনুযায়ী আদালত ও আশপাশকে "সংবেদনশীল এলাকা" হিসেবে বিবেচনা করে এরকম অভিযান থেকে বিরত থাকা হতো, সেটি এখন বাতিল করেছে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি।

হোমল্যান্ড সিকিউরিটি'র মুখপাত্র ট্রিসিয়া ম্যাকলাফলিন বলেন, "আদালতে অপরাধী অবৈধ অভিবাসীদের আটক করাটা সাধারণ বোধবুদ্ধির ব্যাপার।"

তবে সিএনএন-এর প্রতিবেদনে একটি গোপন নথির বরাত দিয়ে বলা হয়েছে, এই অভিযান কেবল বিপজ্জনক অপরাধীদের নয়, বরং মামলার শুনানিতে অংশ নিচ্ছেন বা নিয়মিত চেক-ইনে আসছেন এমন অভিবাসীদেরও টার্গেট করছে। অনেককে তড়িঘড়ি করে আটক করা হচ্ছে, বিশেষ করে যারা দুই বছরের কম সময় ধরে যুক্তরাষ্ট্রে আছেন। নতুন নিয়মে আইস সরাসরি আদালতের কর্মীদের সঙ্গে যোগাযোগ করে অভিবাসীদের অবস্থান নিশ্চিত হয়ে গ্রেপ্তার করছে। মেরিল্যান্ডের হায়্যাটসভিল আদালতে এমনই এক ঘটনার ভিডিও ছড়িয়ে পড়ে।

অ্যারিজোনার ডেমোক্রেটিক সিনেটর রুবেন গ্যালেগো বলেন, "এই বিশৃঙ্খলা আমাদের নিরাপত্তা দেয় না বরং মানুষকে আদালতে যাওয়া থেকে বিরত রাখে, যা পুরো ব্যবস্থাকে অকার্যকর করছে।"

একজন আইনজীবীর ভাষ্য অনুযায়ী, তার এক ক্লায়েন্টকে ২০২৫ সালে আসতে বলা হলেও, কাগজে লেখা সেই তারিখ সিস্টেমে রেকর্ড না থাকায় ২০২৪ সালের চেক-ইন মিস হিসেবে ধরা হয় এবং তাকে গ্রেপ্তার করা হয়। অন্যান্য অভিবাসীদেরও আদালত থেকে বের হওয়ার সময় বা নিয়মিত চেক-ইনের পরপরই আটক করা হয়েছে। অনেককে অন্য স্থানে দূরবর্তী ডিটেনশন সেন্টারে পাঠানো হচ্ছেন।

নিউইয়র্ক স্টেটে ঈদে ছুটির দাবি

প্রথম পৃষ্ঠার পর

বিল আকারে তোলা হয়েছে। অ্যাডভোকেসি ডে'র সহ আয়োজক হিসেবে ছিল কাউন্সিল অন আমেরিনাক ইসলামিক রিলেশনস অব নিউইয়র্ক (কেয়ার)।

অ্যাডভোকেসি ডে উপলক্ষ্যে ৫০ জনের বেশি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিত্বের প্রতিনিধি দল আলবেনিতে যায়।

বাগের প্রেসিডেন্ট জয়নাল আবেদীনের নেতৃত্বে দলে ছিলেন- সেক্রেটারি শাহানা মাসুম, ট্রেজারার ইঞ্জিনিয়ার রহিম, পার্লামেন্টারিয়ান মাহতাব খান, উপদেষ্টা জুয়েল এম চৌধুরী, বোর্ড সদস্য সাবুল উদ্দিন, দিলরুবা চৌধুরী ও সামিরা নাজনীন। কমিউনিটি ব্যক্তিত্বের মধ্যে ছিলেন মীর মাসুম আলী, শরফুদ্দিন চিশতী, ড. রফিকুল ইসলাম, ক্যাপ্টেন রিটায়ার্ড মোসাব্বির মিয়া, জালালাবাদ এসোসিয়েশনের প্রচার সম্পাদক ফয়সাল আলম, হোম ওনার্ড এসোসিয়েশনের প্রতিনিধি এডমি রহিম, এমডি আলম, এমডি ফিরোজ, নাজরীন সুলতানা, নীলীমা বারী, শীরীন আকতার রাখী। তরুন সদস্যদের মধ্যে ছিলেন সাকিব আবেদীন, আম্মার এলাহী, আফিফ, রোদোয়ানা, সোনিয়া।

এবারের অ্যাডভোকেসি ডের হোস্ট ছিল অ্যাসেম্বল মেম্বার জোহরান মামদানি, চার্লস ফলস, স্টেট সেনেটর জেসিকা রামোস, রবার্ট জ্যাকসন। আরো ডেভিড ওয়েপরিন, অ্যাসেম্বলি মেম্বার ফারা ফরেস্ট।

অনুষ্ঠানের অংশ হিসাবে আলবেনির লেজিসলেটিভ বিল্ডিংয়ের মিলিয়ন ডলার স্টেয়ার কেসে- এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে প্রেসিডেন্ট জয়নাল আবেদীন, সেক্রেটারি শাহানা মাসুম, কেয়ারের আফাফ নাসের, মরিয়ম শোয়েব, অ্যাসেম্বলি মেম্বার ডেভিড ওয়েফ্রেন, সিনেটর জেসিকা রামোস, রবার্ট জ্যাকসন, অ্যাসেম্বলি মেম্বার ফারা ফরেস্ট, মাহতাব খান, আম্বার এলাহী বক্তব্য রাখেন।

সিনেট ও অ্যাসেম্বলিতে উত্থাপিত দাবির মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটির মতো পুরো নিউইয়র্ক স্টেট জুড়েই ঈদের দিনে সরকারি ছুটি ঘোষণা করা। এ ঘোষণায় স্টেটের সব স্কুল ও শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত করা।

নিউইয়র্ক মুসলিম আমেরিকান এডভোকেসি কাউন্সিল গঠন করা। যাতে এ কাউন্সিল স্টেট আইন প্রণেতাদের সঙ্গে যোগাযোগ রেখে মুসলিমদের স্বার্থ রক্ষা করতে পারে।

নিউইয়র্কের স্কুল কজেলগুলোতে বাকস্বাধীনতা রক্ষার অধিকার নিশ্চিত করা। যাতে কোন বিষয়ে মতামতের জন্য কোন শিক্ষার্থীকে আইনগত হুমকিতে না পড়তে হয়।

নিউইয়র্কের বিভিন্ন ডিটেনশন সেন্টারের বন্দীরা যাতে ন্যায্য ও সাংবিধানিক সুবিধা পায়। সেজন্য নিউইয়র্ক ডিগনিটি নট ডিটেনশন অ্যাক্ট প্রস্তাব করা হয়েছে। স্টেটের সব স্কুলে যাতে ধর্মীয় বৈষম্য না থাকে সেজন্য প্রোটেকশন ফ্রম রিলিজিয়াস ডিসক্রিমিনিশন ইন স্কুল বিল প্রতিষ্টা করা।

এছাড়া স্কুল ও শিক্ষা প্রতিষ্ঠানে আঞ্চলিক বৈষম্য নিরসন করা এবং সব অঞ্চেলের মানুষকে শিক্ষায় সমান সুযোগ দিতে হবে। বিশেষ করে মধ্য ও উত্তর আফ্রিকানদের সুবিধা অন্তর্ভুক্ত করা।

ব্যাংকিংয়ের ক্ষেত্রে যেন মুসলিম বা অন্য কোন ধর্মের ক্ষেত্রে বৈষম্য না হয়। অর্থাৎ বিল অব রাইট প্রতিষ্ঠা করা। যাতে হঠাৎ করে কারো ব্যাংকিং সেবা কেড়ে নেয়া না হয়। উপরোক্ত দাবি গুলো সিটে ও অ্যাসেম্বলিতে বিল আকারে উত্থাপন করা হয়েছে।

এছাড়া উত্থাপিত দাবির মধ্যে রয়েছে স্মল হোম ওনারদের সুরক্ষার নিশ্চিত করতে বিশেষ কমিটি গঠন। বিষয়টি আগামীতে বিল আকারে উত্থাপনের চেষ্টা করা হচ্ছে।

৫ লাখ অভিবাসীকে ফেরত পাঠাতে সুপ্রিম কোর্টের রায়

প্রথম পৃষ্ঠার পর

এই সিদ্ধান্তের বিরুদ্ধে মত দিয়েছেন।

এনএন আরও জানিয়েছে, এই আদেশই চূড়ান্ত নয়। নিচের আদালতগুলোতে মামলাটি এখনো চলমান। তবে এই আদেশের ফলে প্রায় ৫ লাখ ৩০ হাজার অভিবাসীর দ্রুত বহিষ্কারের পথ প্রশস্ত হলো।

প্রতিবাদসূচক মতামত লেখার জন্য পরিচিত বিচারক জ্যাকসন এই রায়ের বিষয়ে বলেছেন, 'আদালতের অধিকাংশ সদস্য ভুলভাবে এই বিষয়ে রায় দিয়েছেন।' তাঁর মতে, এই আদেশ প্রায় অর্ধ লক্ষাধিক অভিবাসীর জীবন ও জীবিকাকে হঠাৎ শেষ করে দেওয়ার মারাত্মক পরিণতিকে গুরুত্ব দেয়নি।

জ্যাকসন বলেন, 'আদালত এখন ঠিক করেছে, সরকারের পক্ষে ভারসাম্য থাকা উচিত, অর্থাৎ জনস্বার্থে এখন এই অভিবাসীদের জীবন ভেঙে পড়ুক তাদের মামলার নিষ্পত্তির আগেই।'

জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের আইনের অধ্যাপক ও সিএনএন বিশ্লেষক স্টিভ ভ্লাডেক বলছেনড়এই রায় ট্রাম্প প্রশাসনকে ওই চারটি দেশের আরও অনেক অভিবাসীকে বহিষ্কারের সুযোগ করে দিয়েছে। তবে অনেকেই নিজ দেশে ফিরতে রাজি হবেন না।

ইতিহাসে যুক্তরাষ্ট্রের এই প্যারোল কর্মসূচির দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী আইজেনহাওয়ার প্রশাসনের সময় থেকেই চালু ছিল। সে সময় হাঙ্গেরি থেকে পালিয়ে আসা হাজার হাজার মানুষকে যুক্তরাষ্ট্রে সাময়িক আশ্রয় দেওয়া হয়েছিল। সাধারণত প্যারোলে আসা অভিবাসীরা দুই বছরের জন্য কাজ ও বসবাসের অনুমতি পান, তবে এই অবস্থান অস্থায়ী।

২০২৩ সালে বাইডেন প্রশাসন এই কর্মসূচির আওতায় নির্দিষ্ট শর্তসাপেক্ষে কিউবা, হাইতি, নিকারাগুয়া ও ভেনেজুয়েলার নাগরিকদের আবেদন করার সুযোগ দেয়। আবেদনকারীদের একজন মার্কিন স্পনসর থাকতে হতো এবং নিরাপত্তা যাচাই পাস করতে হতো।

ট্রাম্প ক্ষমতায় এসেই একক সিদ্ধান্তে এই কর্মসূচি বাতিলের নির্দেশ দেন। যদিও আইনের অধীনে হোমল্যান্ড সিকিউরিটি সচিবের এই কর্মসূচি চালু বা বাতিল করার ব্যাপক ক্ষমতা রয়েছে। তবে এই সিদ্ধান্ত দলগতভাবে নেওয়া যাবে কি না, নাকি পৃথকভাবে পর্যালোচনা করে নিতে হবে, তা নিয়ে বিতর্ক রয়েছে।

শুরুর দিকে এই মামলাটির প্রেক্ষিতে বিচারক ইন্দিরা তালওয়ানি এই কর্মসূচি সম্পূর্ণভাবে বন্ধের সিদ্ধান্তে স্থগিতাদেশ দিয়েছিলেন। তিনি বলেছিলেন, প্রশাসন পৃথকভাবে কেস দেখে সিদ্ধান্ত নিতে পারবে।

বোস্টনের একটি ফেডারেল আপিল আদালত তালওয়ানির এই আদেশ বহাল রাখলেও এখন সুপ্রিম কোর্টের আদেশে তা পুরোপুরিভাবে উল্টে গেছে।

বিশ্লেষকেরা মনে করছেন, এই রায় অভিবাসন বিষয়ে ট্রাম্প প্রশাসনের আরেকটি চরমপন্থী পদক্ষেপকে সমর্থন করল, যা যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতিতে বড় প্রভাব ফেলতে পারে।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতা এডিনিটির অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.


(Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Fortbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্টাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

কুলাউড়া এসোসিয়েশনের উপদেষ্টা পরিষদ গঠন

শেষ পৃষ্ঠায় পর ইসলাম বাবলা, আব্দুস সালাম, নজরুল ইসলাম ফারুক, মোশাহিদ জে রাশেদ, সিরাজ উদ্দিন আহমদ, এ এম চৌধুরী শফি, মোহাম্মদ তজমুল আলী ও মোহাম্মদ কামরুল ইসলাম চুনু।

এসোসিয়েশনের সভাপতি সৈয়দ ইলিয়াস খসরুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মঈনুর রহমান সুয়েবের পরিচালনায় সভায় উপস্থিত কার্যকরী কমিটির সদস্যবৃন্দ বক্তব্য রাখেন।

এ ছাড়াও সভায় আগামী ১৩ জুলাই ব্রোঙ্কর ফেরী পয়েন্ট পার্কের সংগঠনের বার্ষিক বনভোজনে প্রবাসী কুলাউড়াবাসীর ব্যাপক উপস্থিতির মাধ্যমে সুষ্ঠু সুন্দর আকর্ষণীয় সফল বনভোজন করার লক্ষ্যে বিভিন্ন উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত সহ ব্যাপক প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সকল নেতৃবৃন্দকে দায়িত্ব প্রদান করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।



সভাপতি রাসেল; সম্পাদক মশিউর

শেষ পৃষ্ঠায় পর

নির্বাচনে ৫ জন নির্বাচন কমিশনারের মধ্যে প্রধান নির্বাচন কমিশনারের দায়িত্বে ছিলেন এ্যাটর্নি মঈন চৌধুরী। কমিশনের ৪ জন সদস্য ছিলেন এম. মতিউর রহমান, রেজা রশিদ, আব্দুর রহিম হাওলাদার ও আমেনা নেওয়াজ।

সন্ধ্যা থেকে নির্বাচন কার্যক্রম শুরু হয়ে চলে রাত ১০টা পর্যন্ত। এর পর শুরু হয় ভোট গণনা। রাত প্রায় ১২টায় ফলাফল ঘোষণা করা হয়। এবারের নির্বাচনে নিউইয়র্ক বাংলাদেশি-আমেরিকান লায়ন্স ক্লাব'র ২০২৫-২০২৬ কার্যকরী পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছেন জেএফএম রাসেল, তিনি সর্বমোট ভোট পেয়েছেন ৭৩টি। নিকটতম প্রতিদ্বন্দ্বি এস এম আলম ৫৫ ভোট।

সাধারণ সম্পাদক নির্চাচিত হয়েছেন মো: মশিউর রহমান মজুমদার। তিনি মোট ভোট পেয়েছেন ৯৪টি। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি আহমেদ সোহেল পেয়েছেন ৩৪ ভোট। মাসুদ রানা তপন এবারের ভোটে বিনা প্রতিদ্বন্দ্বীতায় ট্রেজারার নির্বাচিত হয়েছেন। ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট হয়েছেন একেএম আব্দুর রশিদ। তার প্রাপ্ত ভোটের সংখ্যা ৭৯টি।

দুই জন ভাইস প্রেসিডেন্ট হলেন যথ ক্রমে হালিম আব্দুল্লা (কামরুল মজুমদার) ও মো: রুহুল আমিন। কামরুল মজুমদারের মোট প্রাপ্ত ভোটের সংখ্যা ৬০টি এবং রুহুল আমিন পেয়েছেন ৯২টি ভোট।

এবারে ভোটারগণ ১১জন ডিরেক্টর নির্বাচন করেছেন। তাদের নাম ও প্রাপ্ত ভোটের সংখ্যা যথাক্রমে এটিএম হেলালুর রহমান ৮৮, এএসএম উদ্দিন (পিন্টু) ১০০, ডেইজি ইয়াসমিন ৭৩, কামরুল হাসান ৬৯, মোহাম্মদ এ জামান ৬৬, মোহাম্মদ হোসেন জাকির ৫৮, মোহাম্মদ এ কাশেম ৫৩, মো: জেড রহমান (আকাশ রহমান) ৪৬, মো: মফিজুর রহমান, ভোট ৭৫, মোহাম্মদ আহসানুল হক (বাবুল) ৫১ ও মো: মনিরুল ইসলাম ৬৫।

নির্বাচনে উপস্থিত ছিলেন লায়ন ডিস্ট্রিক্ট ২০-২আর এর গভর্ণর (ইলেক্ট) আসেফ বারী টুটুল ও সেকেন্ড ভাইস-গভর্নর শাহ নেওয়াজ। উভয়েই বিজয়ীদের অভিনন্দন জানান।

সিটির সাবওয়েতে

প্রথম পৃষ্ঠায় পর সংবাদমাধ্যমটির প্রতিবেদনে জানানো হয়, এ বছরের ১ জানুয়ারি থেকে ২৫ মের মধ্যে গুরুতর অপরাধ বিবেচিত ২৫৫টি হামলা হয় সাবওয়ে ব্যবস্থায়। গত বছরের একই সময়ে হামলার সংখ্যা ছিল ২১৪টি। সে হিসাবে হামলার সংখ্যা বেড়েছে ১৯ শতাংশ।

এ ধরনের হামলার শিকার ব্যক্তিদের ৩৬ শতাংশ এনওয়াইপিডির কর্মকর্তা ও মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি-এমটিএর কর্মী।

এনওয়াইপিডি জানায়, ২০১৯ সালে সাবওয়েতে হামলার শিকার ১৫৪ জনের মধ্যে ৪৪ জন বা ২৯ শতাংশ ব্যক্তি ছিলেন আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য বা এমটিএ কর্মী। সাবওয়েতে ২০১৯ সালের তুলনায় চলতি বছর সার্বিকভাবে হামলার সংখ্যা বেড়েছে ৬৬ শতাংশ।

হামলার এ সংখ্যা বৃদ্ধির পেছনে সাবওয়েতে মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের বিচরণ বাড়াকে অন্যতম কারণ হিসেবে দেখছেন কয়েকজন আইনশৃঙ্খলা বিশেষজ্ঞ।

এনওয়াইপিডির সাবেক গোয়েন্দা ও জন জ্যায় কলেজের অধ্যাপক মাইকেল অ্যালক্যাজারের মতে, মানসিক সমস্যায় থাকা লোকজনের বিচরণ, গৃহহীনতা ও আটক রাখার সক্ষমতার ঘাটতির কারণে সাবওয়েতে বাড়ছে হামলা।

ডিএইচএস এজেন্টদের হস্তক্ষেপে উত্তেজনা

প্রথম পৃষ্ঠায় পর

আশ্রয়" নিয়ে স্টাফদের সাথে তর্কে জড়ায়। এ ঘটনাকে তিনি গণতান্ত্রিক মূল্যবোধের লঙ্ঘন ও স্বৈরাচারী আচরণ বলে উল্লেখ করেন। ডিএইচএস জানায়, একজন কর্মচারী তাদের প্রবেশে বাধা দিলে তাকে সাময়িকভাবে আটক করা হয়, তবে কাউকে গ্রেপ্তার করা হয়নি।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

“অপসংস্কৃতি প্রতিরোধে ইসলামি সংস্কৃতির বিকাশ ঘটাতে হবে”





শেষ পৃষ্ঠায় পর

বক্তব্য রাখেন, মুনা সোশাল সার্ভিসের এসিস্টেন্ট ডাইরেক্টর মোশাররফ মাওলা সুজন, কুরআন একাডেমির এসিস্টেন্ট ডাইরেক্টর হাসান সোহরাওয়ার্দী দুলাল প্রমুখ। ইমাম জোনায়েদের কুরআন তেলওয়াত দিয়ে এই সংস্কৃতি অনুষ্ঠানের শুরু হয়। এসময় বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন জোনের মিডিয়া বিভাগের ডাইরেক্টর আমিনুর রসুল জামশেদ।

মাওলানা এমদাদ উল্লাহ বলেন, ইসলামি সংস্কৃতির মুল উৎস হলো আল কুরআন এবং রাসুল সাঃ এর জীবন আচার।ইসলামি সংস্কৃতি যদি আমরা আমাদের সন্তানের দিতে না পারি তা হলো তারা হারিয়ে যাবে। ইসলামি সংস্কৃতির সাথে সাধারণ সংস্কৃতির পার্থক্য হলো ইসলামি সংস্কৃতির মানুষকে জান্নাতের পথ দেখায়।আর সাধারণ সংস্কৃতি মানুষকে জান্নামের পথ দেখায়।

তিনি আরও বলেন, মুসলিম সংস্কৃতির আকাশে অপসংস্কৃতি কালো মেঘের ঘনঘটা দেখা যাচ্ছে। অপসংস্কৃতি প্রতিরোধ করতে হলে ইসলামি সংস্কৃতির বিকাশ ঘটাতে হবে। তা না আমাদের সন্তানরা হারিয়ে যাবে। এসময় তিনি আগামী আগস্ট মাসের ৮,৯,১০ তারিখে মুনার কনভেনশনে সবাইকে অংশ গ্রহনের আহবান জানান।

সাংস্কৃতিক অনুষ্ঠানের কনভেনার মোহাম্মদ সোলায়মান বলেন, আমাদের সাংস্কৃতিক মূল হলো কুরআন। কিন্তু আমরা তার থেকে অনেক দুরে সরে গিয়েছি।তাই আমাদের সংসার জীবনে অশান্তি বিরাজ করছে। তাই আমাদের ইসলামি ধারার সাংস্কৃতিতে ফিরে আসতে হবে।

হাসান সোহরাওয়ার্দী দুলাল বলেন, আমেরিকাতে আমাদের কোন মুসলিম নেতা নেই। একারণে আমরা জাতি হিসেবে পিছিয়ে পড়ছি। এদেশে প্রায় ৮০ লাখ মুসলমান বসবাস করে। এদের মধ্যে ৩০ শতাংশ ছেলে মেয়ে হারিয়ে যাচ্ছে। তাদের নাম শুধু মুসলিম। কিন্তু তারা এখন খৃস্টান। তাই আমাদের কুরআন এর সাথে সম্পর্ক বাড়াতে হবে। কুরআন একাডেমিতে আমাদের ছেলে মেয়েদের পড়াতে হবে।

শেষ মুহূর্তে গ্রোসারীগুলোতে

শেষ পৃষ্ঠায় পর

করেছেন। প্রতি বছরের মতো এবছরও অনেকেই কোরবানী দিচ্ছেন। কেউ কেউ দেশেও কোরবানী দিচ্ছেন। যারা ঈদের দিনই কোরবানি দিতে চান এবং ঈদের দিনেই মাংস পেতে চান, তারা ইতিমধ্যে পশুর অর্ডার দিয়ে ফেলেছেন। বিভিন্ন গ্রোসারীর মালিকরা সেভাবেই অর্ডার নেওয়া নিশ্চিত করেছেন। মঙ্গলবার পর্যন্ত কোন কোন গ্রোসারিতে শেষবারের মত কোরবানীর অর্ডার নেয়া হবে। তবে ঈদের দিন কোরবানীর মাংস সরবরাহ করার অর্ডারগুলো নেয়া ইতিমধ্যেই শেষ হয়েছে। এখন নেয়া হচ্ছে ঈদের পরের দিন বা তার পরের দিনের কোরবানীর অর্ডার।

নিউইয়র্কের জ্যাকসন হাইটস, জ্যামাইকা, হলিস, বেলরোজ, সাটফিন বুলেবার্ড, ওজন পার্ক, ব্রুকলীন, ব্রঙ্কস, ম্যানহাটনের বিভিন্ন গ্রোসারিতে এখন কোরবানীর অর্ডার নেওয়া হচ্ছে। মাছ বাজার, খামার বারী, আইল্যান্ড ফ্রেশ সুপার মার্কেট, মান্নান সুপার মার্কেট, ফাতেমা গ্রোসারী, কাওরান বাজার, প্রিমিয়াম সুপার মার্কেট, ইত্যাদি, হাটবাজার, মামাসসহ বিভিন্ন গ্রোসারীতে কোরবানীর অর্ডার চলছে। ফোন করেও অনেকেই অর্ডার দিচ্ছেন। কেউ কেউ অনলাইনেও অর্ডার দিচ্ছেন। অনেকেই দোকানে গিয়ে অর্ডার দিচ্ছেন।

খামার বাড়ি ও আইল্যান্ড ফ্রেশ সুপার মার্কেটের অন্যতম কর্ণধার কামরুজ্জামান কামরুল জানান, গত বছরের চেয়ে এবার অর্ডার বেশী পেয়েছি। তবে দাম গতবারের চেয়ে সামান্য বেশী। বেশিরভাগ গরু ও খাসি কানাডা থেকে আমদানি করা।

একাধিক মানুষের সঙ্গে কথা বলে জানা গেছে, অনেকেই ব্যক্তিগত পর্যায়ে কয়েকজন মিলে কোরবানী দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন। সে হিসেবে তারা বিভিন্ন ফার্মে গিয়ে গরু-ছাগল দেখে পছন্দ করে অর্ডার দিয়েছেন। অনেকে পশু কিনেও ফেলছেন। সংশ্লিষ্টরা জানান, জনপ্রতি ৬/৭শ ডলার থেকে সাড়ে ৭০০ ডলারে ৭ ভাগে গরু কোরবানীর অর্ডার নেয়া হচ্ছে। অপরদিকে একটি ছাগলের জন্য অর্ডার নেয়া হচ্ছে প্রতিটি অড়াইশ শ ডলার থেকে ৩/৪শ ডলারে। দাম প্রসঙ্গে গ্রোসারী মালিকরা বলছেন প্রতি পাউন্ড গরুর মাংস ৭ থেকে ৮ ডলারের মধ্যে থাকবে। খাসির মাংস ১১ থেকে ১২ ডলার হতে পারে। তারা জানান, সাধারণত বাজারের চেয়ে কোরবানির মাংসের দাম একটু বেশি হয়। কারণ ওই সময়ে বাজারে মাংসের চাহিদা বেশি থাকে। সেই সঙ্গে ওই সময় এত গরু জবাই করার জন্য লোকবলের সংকট থাকে। ফলে বেশি দাম দিয়ে গরুর ফার্মগুলোকে কাজ করাতে হয়। এ কারণে চাইলেও কম খরচে কোরবানী দেওয়া সম্ভব হয় না।

নিউইয়র্কের আপষ্টেটে প্রতিষ্ঠিত বাংলাদেশী মালিকানধীন ফার্ম ‘হাইল্যান্ড প্লেজার ফার্ম’-এ গরু/ছাগল/খাসী কোরবানীর অর্ডার নেয়া হচ্ছে। এরজন্য ৭১৬-৭৮০-৩১২১ অথবা ৫১৬-৪৯১-৪২০৭ ফোন নাম্বারে যোগাযোগ করতে বলা হয়েছে।

এদিকে নিউইয়র্কের গ্রোসারীগুলো ঘুরে দেখা যায় কোরবানির অর্ডারের চেয়ে গ্রোসারী পণ্য কিনতেই ক্রেতারা বেশী ভিড় জমাচ্ছেন। বিশেষ করে গরুর মাংস সহ প্রয়োজনীয় মসলা আর পোলাও-এর চাল সহ অন্যান্য সামগ্রী বেশ বেচা-কেনা হচ্ছে।

এদিকে সঙ্গত কারণেই পোষাক-পরিচ্ছদের দোকানগুলোতে ঈদের নতুন জামা-কাপড় কেনাকাটায় এখনো ভিড় বাড়েনি। কোরবানির ঈদে পশু কোরবানী দেয়াই প্রধান লক্ষ্য। তারপরও নতুন কাপড় হিসেবে পুরুষেরা সাধারণত পাঞ্জাবী আর নারীরা শাড়ি ও সালোয়ার কামিজ ক্রয় করে থাকে বলে দোকানীরা জানান। তারা বলেন, ঈদের বাজার জমবে ঈদের ৩/৪ দিন আগে। আবার অনেকে চাঁদ রাতকে বেছে নেন কেনাকাটার জন্য। তবে আস্তে আস্তে জমতে শুরু করেছে ঈদের বাজার।

যুক্তরাষ্ট্রে বিদেশী শিক্ষার্থীদের স্বপ্ন

শেষ পৃষ্ঠায় পর

তিনি সিএনএনকে বলেন “আমরা প্রাইডে তোলা একটা পোস্ট দেখছিলাম, যেখানে ক্যাপশন ছিল রেইনবো ফ্ল্যাগ আর ট্রান্স ফ্ল্যাগ। আমি ফোনে তাকে বলছিলাম, ‘আমার কি এটা মুছে ফেলতে হবে?’ শেষ পর্যন্ত ঠিক করলাম যে রাখবো, কিন্তু ক্যাপশনটা বদলে ফেললাম, ট্রান্স ফ্ল্যাগটা সরিয়ে দিলাম। জানি না এটা নিয়ে আমার কেমন অনুভব করা উচিত,”।

তিনি আরো বলেন “আমি সত্যিই মনে করি এটা এক ধরনের ভয়ের প্রচার, এবং এটা খুবই সফল হয়েছে,”। আমি ক্যাপশনটা পরিবর্তন করেছি ভবিষ্যতের সম্ভাব্য খারাপ পরিস্থিতির কথা ভেবে। আজ এক সমস্যা, কাল আরেকটা আসবে।”

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছেন কানাডার এক শিক্ষার্থী যিনি সিএনএনকে বলেন “আমার মনে হচ্ছে, এই সময়টা আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য ভয়াবহ এবং অস্থির। আমাদের অনেকেই যুক্তরাষ্ট্রকে বেছে নিয়েছিলাম এখানকার স্বাধীনতার জন্য, কিন্তু এখন যদি সাধারণ সোশ্যাল মিডিয়া পোস্টই আমাদের শিক্ষাজীবন হারানোর কারণ হয়ে দাঁড়ায়, তাহলে এটা সেন্সরশিপ ছাড়া আর কিছু না।”

নাইজেরিয়ার সাংবাদিক আদেফেমোলা আকিনতাদে যিনি কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগে মাস্টার্সে ভর্তি হয়েছেন এবং আমেরিকার ভিসার জন্য আবেদন করতে যাচ্ছিলেন। তিনি বলেন “আমার আর কোনো বিকল্প নেই,” জানালেন ৩১ বছর বয়সী আকিনতাদে। “আমি সব আশা রেখেছি কলম্বিয়ার ওপর... এটা সত্যিই একটা বড় ঝুঁকি।” আগস্টে নিউ ইয়র্কে পড়াশোনা শুরু করার কথা, ইতোমধ্যে ভর্তি ফি-ও দিয়ে দিয়েছেন।

এই সিদ্ধান্ত যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা নিতে আগ্রহী আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য আরেকটি ধাক্কা। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বিরোধ দিয়ে শুরু করে, এই প্রশাসনের শিক্ষা বিষয়ক নীতিগুলো এখন বহুল পরিসরে প্রভাব ফেলছে।

এই সিদ্ধান্ত যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা নিতে আগ্রহী আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য আরেকটি ধাক্কা। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বিরোধ দিয়ে শুরু করে, এই প্রশাসনের শিক্ষা বিষয়ক নীতিগুলো এখন বহুল পরিসরে প্রভাব ফেলছে।

সিএনএন বেশ কয়েকজন ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীর সঙ্গে কথা বলেছে, যারা এই হঠাৎ সিদ্ধান্তে আতঙ্কিত, দিশেহারা এবং ভীষণ হতাশ। অনেকেই ভবিষ্যতের সমস্যা এড়াতে নাম প্রকাশ না করার অনুরোধ করেছেন।

এই পরিস্থিতি শুধু শিক্ষার্থীদেরই নয়, বিশ্ববিদ্যালয়গুলোকেও নতুন চ্যালেঞ্জের মুখে ফেলছে, যারা চেষ্টা করছে তাদের আন্তর্জাতিক শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে।

সোশ্যাল মিডিয়া ব্যবহার নিয়ে অনিশ্চয়তা ও আতঙ্কে ভুগছেন বহু শিক্ষার্থী। তাদের অনেকে স্বাধীন মতপ্রকাশের আশঙ্কায় নিজেকে সংযত করছেন, যা যুক্তরাষ্ট্রের মতো দেশের জন্য একটি বিপরীতমুখী বার্তা। শিক্ষার পরিবেশ যেন এখন স্বাধীনতা নয়, বরং শঙ্কার ছায়ায় ঘেরা।

ইউএস পররাষ্ট্র দপ্তরের এক মুখপাত্র জানান, ২০১৯ সাল থেকেই ভিসা আবেদনকারীদের সোশ্যাল মিডিয়া আইডেন্টিফায়ার জমা দিতে হয় অভিবাসী ও অ-অভিবাসী দুই ধরনের ফর্মেই। পাশাপাশি, কিছু ক্ষেত্রে অতিরিক্ত যাচাইও করা হয়েছে, মূলত কথিত ইহুদিবিদ্বেষের অভিযোগে। তবে এখন থেকে কী ধরনের পোস্ট সমস্যা তৈরি করতে পারে বা এসব পোস্ট কীভাবে যাচাই হবে, সে বিষয়ে কোনো স্পষ্টতা নেই।

অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল এডুকেটরস সংগঠনটির সিইও ফান্ডা আও বলেছেন, এভাবে দূতাবাসগুলোর সময়, সক্ষমতা এবং করদাতার অর্থ অপচয় করা খুবই সমস্যার সৃষ্টি করবে। আন্তর্জাতিক শিক্ষার্থীরা এই দেশের জন্য কোনো হুমকি নয়।

এক পরিসংখ্যানে জানা যায়, বর্তমানে যুক্তরাষ্ট্রে ১০ লক্ষাধিক বিদেশি শিক্ষার্থী রয়েছেন, যারা বছরে প্রায় ৪৩.৮ বিলিয়ন ডলার অর্থনীতিতে অবদান রাখে।



নিউজার্সীতে শহীদ জিয়ার শাহাদত বার্ষিকী পালিত





শেষ পৃষ্ঠায় পর

বেঙ্গল ইন্সুরেন্সের হল রুমে ৩০ মে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সৈয়দ জুবায়ের আলী এবং সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক হোসেন পাঠান বাচ্ছু। সভার শুরুতে পবিত্র কালামে পাক থেকে তিলাওয়াত করেন সংগঠনের সহ সভাপতি সৈয়দ খালিদ আলী। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- সংগঠনের সিনিয়র সহ সভাপতি অধ্যাপক গোলাম মোস্তফা চৌধুরী নিপন, উপদেষ্টা মিয়া মোহাম্মদ আনহার, মওসুফ চৌধুরী ও এডভোকেট আব্দুল মুক্তাদির, সহ সভাপতি মোহাম্মদ খলিল ও এনাম চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক মুজিবুল ইসলাম রাহাত, আবুল কালাম আজাদ খান, সাংগঠনিক সম্পাদক জয়নুল হক, প্রচার সম্পাদক রাহাদুল হাসান রুহেল, ধর্ম বিষয়ক সম্পাদক হাফিজ সৈয়দ খুবায়েব আলী, সমাজকল্যাণ সম্পাদক রেজোয়ান আহমেদ, সদস্য সফিকুল হক সিতু, সিরাজিল ইসলাম, আশরাফুল হক শফি, আব্দুল আউয়াল শিপার, সুমেন আহমেদ প্রমুখ ।

সভায় বক্তারা তাদের বক্তব্যে শহীদ জিয়াউর রহমানের রাজনৈতিক দূরদর্শিতা, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় তাঁর অসামান্য অবদানের কথা স্মরণ করেন। বক্তারা বলেন, শহীদ জিয়া ছিলেন একজন আপসহীন দেশপ্রেমিক ও জাতীয়তাবাদের প্রতীক।

অনুষ্ঠানের শেষে শহীদ জিয়াউর রহমানসহ বিএনপির সকল শহীদ নেতৃবৃন্দের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন ধর্ম বিষয়ক সম্পাদক হাফিজ সৈয়দ খুবায়েব আলী। -প্রেস বিজ্ঞপ্তি।

আদালতে আশ্রয়প্রার্থীদের গ্রেপ্তার 'অমানবিক'

প্রথম পৃষ্ঠায় পর

কংগ্রেসম্যান ড্যান গোল্ডম্যান। তিনি রোববার (১ জুন) এক টক শো তে বলেন, আদালতে হাজিরা দিতে আসা অভিবাসন প্রার্থীদের গ্রেপ্তার মানবিকতা ও আইনের পরিপন্থী। এ ঘটনায় অভিবাসীদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। গোল্ডম্যান জানিয়েছেন, তিনি নিজে আদালতের লবিতে মুখোশধারী আইসির সদস্যদের ওঁত পেতে থাকতে দেখেছেন। অভিযানে বাধা দিতে গিয়ে বিক্ষোভকারীরা আইসির ভ্যান আটকে দিলে বিশৃঙ্খলার সৃষ্টি হয়। এতে পুলিশ অন্তত ২৩ জনকে গ্রেপ্তার করে। গোল্ডম্যান বলেন, এমন অভিযান অভিবাসীদের আইনি প্রক্রিয়া থেকে দূরে সরিয়ে দেবে, যা সমাজের জন্য বিপজ্জনক।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

অভিজ্ঞতা। যেমন, আইনবিষয় সম্পাদক, ধর্ম বিষয়ক সম্পাদক প্রভৃতি। আবার কমিটির আকার বড় করা বা সংশ্লিস্টদেরকে খুশী করতেই নাকি নতুন নতুন নামে একাধিক পদ তৈরী করে কাউকে কাউকে খুশী করা হয়। অপরদিকে কোষাধ্যক্ষ বা অর্থ সম্পাদক পদের দায়িত্বপ্রাপ্তদের অধিকাংশই নামে মাত্র পদবীতে বহাল থাকছেন। সংশ্লিস্টরা বিষয়টি কি একটু ভেবে দেখবেন?

০১ জুন ২০২৫

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনৃক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্য

ফেডারেল ডিজএবিলিটি

(ফোন অফিস ফি নেয়া হয় না)

Immigration

(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

ট্রাম্প নিজেই ভর্তি হতে পারেননি

ছাত্র ভর্তি করতে পারবে না। এতে প্রায় ৬ হাজার ৮০০ বর্তমান বিদেশি শিক্ষার্থীর ওপর প্রভাব পড়েছে।

ট্রাম্পের এ সিদ্ধান্তের বিরুদ্ধে হার্ভার্ড একটি মামলা করেছে এবং প্রশাসনের এই পদক্ষেপকে আইন ও বাক্স্বাধীনতার অধিকারের স্পষ্ট লঙ্ঘন বলে উল্লেখ করেছে।

যুক্তরাষ্ট্রের ডিসট্রিক্ট জাজ অ্যালিসন বোরোগস গত শুক্রবার এক সংক্ষিপ্ত রায়ে ট্রাম্পের এ সিদ্ধান্তের ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেন।

হার্ভার্ডে বৈচিত্র, সমতা ও অন্তর্ভুক্তিমূলক কর্মসূচি বন্ধ এবং আন্তর্জাতিক ছাত্রদের মতাদর্শগত দৃষ্টিকোণ থেকে মূল্যায়ন করতে ট্রাম্প প্রশাসনের চাপের মুখে নতি স্বীকার না করায় বিশ্ববিদ্যালয়টির ওপর ক্ষুব্ধ হন ট্রাম্প। তিনি হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের জন্য বরাদ্দ করা ২২০ কোটি মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিল স্থগিত করেন। এ ছাড়া করছাড় সুবিধাও বাতিল করা হয়। পরে বিদেশি ছাত্র ভর্তিতেও বিধিনিষেধ আরোপ করা হয়।

অবৈধভাবে পাচার হওয়া সম্পদ



শেষ পৃষ্ঠায় পর

সাউথ-সাউথ কোঅপারেশনের উচ্চ পর্যায়ের কমিটির ২২তম অধিবেশনে বক্তব্য প্রদানকালে মঙ্গলবার (২৭ মে) জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি সালাহউদ্দিন নোমান চৌধুরী বৈশ্বিক ন্যায়বিচার এবং পারস্পরিক বিশ্বাসযোগ্যতার স্বার্থে এ বিষয়ে আন্তর্জাতিক পর্যায়ে সম্মিলিত রাজনৈতিক সদিচ্ছার আহ্বান জানান।

রাষ্ট্রদূত চৌধুরী স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের জন্য প্রক্রিয়াধীন দেশসমূহের জন্য বর্তমানে বিদ্যমান বিশেষ সুবিধাগুলি দীর্ঘায়িত করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, এই সুবিধাগুলো আকস্মিকভাবে প্রত্যাহার না করে ধাপে ধাপে তুলে নেওয়া উচিত যাতে উত্তরণ প্রক্রিয়া টেকসই ও অপরিবর্তনীয় হয়।

তিনি উন্নয়নশীল দেশগুলোর নিজস্ব সম্পদ আহরণ এবং গুরুত্বপূর্ণ মৌলিক নাগরিক সেবা নিশ্চিত করতে 'সোশ্যাল বিজনেস' বা সামাজিক উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন। রাষ্ট্রদূত বলেন, স্বাস্থ্য, শিক্ষা, খাদ্য নিরাপত্তা এবং নবায়নযোগ্য শক্তির মতো খাতে এই ধরনের উদ্যোগ ইতিবাচক ও গুণগত পরিবর্তন আনতে সক্ষম।

যুবসমাজকে উন্নয়নশীল দেশগুলোর প্রধানতম শক্তি হিসেবে উল্লেখ করে রাষ্ট্রদূত তরুণদেরকে উন্নয়ন কার্যক্রমের কেন্দ্রবিন্দুতে রাখার প্রতি গুরুত্ব দেন। তিনি তারুণ্যের সম্ভাবনাকে সম্পূর্ণভাবে কাজে লাগাতে শিক্ষা ও কৃত্রিম বুদ্ধিমত্তাসহ উদীয়মান প্রযুক্তিখাতে দক্ষতা অর্জনে অধিকতর বিনিয়োগের আহবান জানান।

রাষ্ট্রদূত চৌধুরী উন্নয়নশীল দেশসমূহের মধ্যে আন্তঃসহযোগিতা বৃদ্ধির মাধ্যমে একটি ন্যায়সঙ্গত ও অন্তর্ভুক্তিমূলক 'তিন শূন্যের' বিশ্ব গঠনের প্রতি বাংলাদেশের পরিপূর্ণ সমর্থন পুনর্ব্যক্ত করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশনের আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইল পবিত্র ঈদুল আযহার শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য আর এই ইমিগ্রেশন বিষয় যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত এই বিভাগ আপনাদের জন্য। এ কারণেই এই বিভাগের মাধ্যমে আপনারা এতোটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হব।

প্রতি সপ্তাহের মত এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে আলম চৌধুরীর প্রশ্ন: আমি একজন ইউএস সিটিজেন। আমি বাংলাদেশী একজনকে বিয়ে করেছি। আমার স্ত্রী এখনো বাংলাদেশে আছে। আমি এখন তার জন্য আবেদন করতে চাচ্ছি। কিন্তু আমার জীবনের একটি দুঃখজনক ঘটনা হচ্ছে। কয়েক বছর আগে একজন ইউএস সিটিজেনের সাথে আমার বিয়ে হয়েছিল। কিন্তু সেই বিয়ে টিকে নাই। অর্থাৎ ডিভোর্স হয়ে গেছে। আমার বর্তমান স্ত্রীর জন্য আবেদন করতে গেলে কোন সমস্যা সৃষ্টি হতে পারে কিনা? এ ব্যাপারে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো ।

আলম চৌধুরীর প্রশ্নর উত্তর: আপনি এর আগে একবার বিয়ে করেছিলেন। কিন্তু আপনার সেই বিয়ে টিকে নাই। আপনার অন্য কোন সমস্যা না থাকলে আমার ধারণা এ বিয়ে নিয়ে কোন সমস্যা হবে না। আপনাকে তথ্য প্রমান দিয়ে প্রমাণ করতে হবে যে এই বিয়ে প্রকৃত বিয়ে। যেমন বিয়ের ছবি, দু'জনের ভ্রমণের টিকিটের কপি, হোটেলে অবস্থান করলে তার রশিদ, এসবের প্রমাণ বহন করে।

আপনার স্ত্রীর জন্য আবেদন করতে নিম্নের তথ্য পত্র লাগবে:

১) এক ম্যারেজ সার্টিফিকেট। ২) ডিভোর্স লেটারের কপি। ৩) আপনার এবং আপনার স্ত্রীর দুই কপি করে ছবি ইত্যাদি।

তারপর এফিডেভিট অফ সাপোর্টের জন্য লাগবে:

১) ট্যাক্স রিটার্ন-এর ডব্লিউ-২ ফর্ম। ২) জব লেটার। ৩) ব্যাংকের চিঠি। ৪) সিটিজেনশিপের কপি ইত্যাদি।

ইমিগ্রেশনের অধিকাংশ কেস ফাইল করা বেশ সহজ। ইমিগ্রেশন এর ওয়েবসাইট ও সহায়ক চার্ট খুব সর্তকতার সাথে দেখে নেবার জন্য পরামর্শ থাকলো। কিংবা বুঝতে না পারলে বা সুনির্দিষ্ট কোন প্রশ্ন থাকলে ইউএসসিআইএস এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এ ব্যাপারে পরামর্শ হচ্ছে: উপযুক্ত ফরম নির্ধারণ করা। ইউএসসিআইএস এর ওয়েবসাইট থেকে ফর্মটি নেয়া হয়েছে কিনা এ ব্যাপারে নিশ্চিত হতে হবে। ফর্মটি সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তাও দেখতে হবে। প্রত্যেক ফরমেই নির্দেশনাবলী দেয়া থাকে। সেগুলো ভালোভাবে পড়ে অনুসরণ করতে হবে, আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে, সঠিক স্থানে স্বাক্ষর করা হয়েছে কিনা নিশ্চিত হতে হবে।

প্রত্যেক ফরমের সঙ্গে প্রসেসিং ফিস লাগবে। যথার্থ ফিস প্রদান করতে হবে। সঠিক ফিস না দিলে আবেদন ফেরত আসবে আবারও উল্লেখ করা হচ্ছে ইউএসসিআইএস-এর ওয়েবসাইটে ফিস সম্পর্কে জানার জন্য ইমিগ্রেশন মেইলে আবেদন গ্রহণ ফর্মে অনলাইনে আবেদন করা যায়। সঠিক ঠিকানায় মেইল করতে হবে। একটি এনভেলাপে একটি করে আবেদন পাঠানোর পরামর্শ থাকবে। যেমন আপনি যদি আপনার মা-বাবা গ্রীন কার্ডের জন্য আবেদন করতে চান সেক্ষেত্রে দুটি আই-১৩০ ফর্ম পূরণ করতে হবে। সেই সাথে দুইটি পৃথক চেক দিতে হবে এ ব্যাপারে কোন প্রফেশনাল এর সাথে পরামর্শ করা ভালো।

জুন ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টেট ডিপার্টমেন্ট ডিওএস জুন ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করা হলো।

উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ নির্ণয় হবে এর পূর্বে। জুন ২০২৫ এর সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস:

প্রথমঃ (এফ ১): ইউ এস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যাঃ জুন ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস। স্বামী/স্ত্রী, সন্তান- অবিবাহিত পুত্র কন্যা।

এ. (এফ ২ এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান। জানুয়ারী ০১, ২০২২।

বি. (এফ ২ বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সী)। সেপ্টেম্বর ২২, ২০১৬।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: জুন ২২, ২০১১।

চতুর্থঃ (এফ ৪)ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাইবোনঃ জানুয়ারী ০১, ২০০৮।

পারিবারিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

আপনাদের জিজ্ঞাসার প্রেক্ষিতে আমরা মাঝে মধ্যেই একটি বিষয় সম্পর্কে উল্লেখ করে থাকি। বিষয়টি হচ্ছে ভিসা বুলেটিনে দ্বৈত চার্ট।

ইউএস স্টেট ডিপার্টমেন্ট পরিবার এবং চাকুরিভিত্তিক ক্যাটাগরিতে পৃথক দুটি চার্ট প্রকাশ করে। একটি চার্ট ফাইনাল অ্যাকশন হিসাবে ব্যবহৃত হচ্ছে। এই প্রথম চার্টকে সাধারণত চার্ট এ বলা হয়। এই ক্যাটাগরিতে একজন আবেদনকারীর গ্রিন কার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারে তার ইঙ্গিত পাওয়া যায়। আর দ্বিতীয় চার্টটি হয় ন্যাশনাল ভিসা সেন্টারের সাক্ষাৎকারের জন্য চুরান্তভাবে কাগজপত্র ফাইল করার লক্ষ্যে। (এই চার্ট কে সাধারণত চার্ট বি বলা হয়)। প্রকৃত পক্ষে এটাই আসল তারিখ।

ইমিগ্রান্ট ভিসা আবেদনকারীদের ন্যাশনাল ভিসা সেন্টার বা কনস্যুলেটের ভিসা প্রক্রিয়ার জন্য সকল কাগজপত্র জমা দিতে বলা হয়। সে কারণে ফাইনাল অ্যাকশন চার্টে দেয়া অগ্রাধিকার হচ্ছে আসল তারিখ ইমিগ্রেশন ভিসা বা গ্রীন কার্ড অনুমোদন করার।

চার্ট বি ভিসা হচ্ছে ভিসা আবেদন ফাইল ফাইনাল করার ইঙ্গিত দেয়। ভ্রান্তি দূর করার জন্য সাধারণত অ্যাকশন ডেটস ফর ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার কেস গুলো প্রকাশ হয়ে থাকে। ইউএস স্টেট ডিপার্টমেন্টর ওয়েব সাইটে প্রতিমাসে ফ্যামিলি ভিত্তিক এবং চাকুরী ভিত্তিক অগ্রাধিকারের উভয়ের চার্ট-ই প্রকাশ হয়ে থাকে। এ ব্যাপারে বিস্তারিত জানতে তাদের ওয়েবসাইট ভিজিট করতে পারেন।

সবশেষে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা শ্রেয়।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFI NJ, DFS MI, DBF GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1888780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমরা বাংলায় কথা বলি

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

রেকর্ড সংখ্যক জনসমাগমের ইতিহাস



প্রথম পৃষ্ঠার পর ওয়েস্ট পাম বিচ এর হলে আয়োজনে অংশ নেয়া স্টেট সিনেটর, মেয়রসহ বিভিন্ন স্টেট থেকে আগত অতিথি, স্পসরশীপ প্রতিষ্ঠানের কর্ণধার, শিল্পী-কলাকুশলী, মিডিয়া ব্যক্তিত্বদের সম্মানার্থে গালা ডিনার নাইট আয়োজন করা হয়।

শো'র প্রথম দিন শনিবার ওয়েস্টপাম বিচের ফেয়ার গ্রাউন্ডে আমেরিকা ও বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশনার মাধ্যমে শুরু হয় মূল অনুষ্ঠান। অনুষ্ঠানটির গ্র্যান্ড ওপেনিং করেন ভার্জিনিয়া থেকে নির্বাচিত বাংলাদেশি বংশোদ্ভুত স্টেট সিনেটর নাবিলা ইসলাম। এ দিন ১০ টির বেশি দেশের শিল্পীরা সংস্কৃতিক অনুষ্ঠান নৃত্য পরিবেশন করেন। রাতে তরুণ সংগীত শিল্পী মোজা ও ভারতের জনপ্রিয় কণ্ঠশিল্পী মোনালী ঠাকুরসহ বেশ কয়েকজন শিল্পির পরিবেশনায় জমজমাট কনসার্টে মেতে ওঠেন অতিথিসহ দর্শনার্থীরা। এসব ১৩-*এর পৃষ্ঠায় দেখুন*























রেকর্ড সংখ্যক জনসমাগমের ইতিহাস

১২-এর পৃষ্ঠায় পর

অনুষ্ঠানের মধ্যে ধারাবাহিক এ আয়োজনে ভূমিকা রাখা ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানকে দেয়া হয় বিশেষ সম্মাননা। এ দিন পুরো গ্রাউন্ডে কানায় কানায় পূর্ণ ছিলো।

রবিবার আয়োজনের ২য় ও সমাপনী দিনে দুপুর থেকে পরিবার পরিজন নিয়ে বাংলাদেশিসহ বিভিন্ন দেশের লোকজনের উপস্থিতে সরব হয়ে ওঠে ওয়েস্টপাম বিচের ফেয়ার গ্রাউন্ড। এদিনও এশিয়ার বিভিন্ন দেশের শিল্পীদের পরিবেশনায় ছিলো মনোমুগ্ধকর নৃত্য ও সংগীত। সন্ধ্যায় আয়োজক কমিটির পক্ষ থেকে এ আয়োজনে অবদান রাখা সংগঠনের সকল সদস্যসহ উত্তর আমেরিকায় বসবাসরত কমিউনিটির বিশিষ্ট জনদের

২২-এর পৃষ্ঠায় দেখুন































Khalil Biryani House

খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট

সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত

2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884

1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840

www.KHALILSFOOD.com

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

[100% Scholarship for Training & Job Placement, Condition applied]

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing [QA] Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019

Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019

VA In Class Batches

Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019

Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019

www.piit.us

GLOBAL
Tours & Travel

BOOK YOUR FLIGHT
WITH OUR OTA

www.globaltravelbd.com

"We provide 24/7 customer support"

FLIGHT VISA HOTEL

$300 OFF

* Minimum $10000 cash purchase required

CALL NOW
718-406-9745
718-200-2655

Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel

Flight
LOWEST PRICE CHALLENGE

GLOBAL
NY 1 TRAVELS, INC

আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন

বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!

MIRZA M ZAMAN

37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

MUNA CONVENTION

PENNSYLVANIA CONVENTION CENTER
PHILADELPHIA, PA

August 8th, 9th & 10th, 2025

Torchbearers of ISLAM

Spreading the Faith Globally

CONVENTION HIGHLIGHTS

- Youth Conferences
- Children's Learn & Fun
- Parallel Sessions
- Young Sisters Programs
- Matrimonial Services
- Women's Cultural Event
- Entertainment
- Halal Food Counter
- Bazaar and Expo
- Discounted Hotels

SCAN ME TO REGISTER

INQUIRIES? EMAIL US
CON.INFO@MUNA.US


Venue

PENNSYLVANIA CONVENTION CENTER
119 North Broad St, Philadelphia, PA 19107


Omar Suleiman


Imam Dalouer Hossain


Imam Siraj Wahhaj


Altaf Husain


Abdul Nasir Jangda


Hamzah Abdul-Malik


Asif Hirani


Mohammad Elshinawy


Mohamed Abu Taleb


Sheikh Abdur Rashid

MUSLIM UMMAH of NORTH AMERICA (MUNA)

FOR REGISTRATION & BAZAAR BOOKING
MUNACONVENTION.COM
bazaar@muna.us +1 (888) 824-MUNA

ELECT
JANICE
PURVIS
DEMOCRAT FOR CIVIL COURT JUDGE



Qualified!
EQUAL JUSTICE FOR BROOKLYN'S CIVIL COURT
Found Qualified – Kings County Screening Committee

www.janicepurvisforjudge.com

Vote. Democratic Primary, Tues. June 24
EARLY VOTING JUNE 14-22

Paid for by Janice Purvis for Civil Court Judge

সাহিত্য সাময়িকী

যে পথের বাঁক নেই

জরিনা আখতার

এতদূর এসে জানা গেল
এ পথের কোনো বাঁক নেই-
ফেরানো যাবে না গন্তব্য
অদৃষ্টের লুকোচুরি খেলায়
তুমি হেরে যাবে,
এ পথে গন্তব্যের ঘুঙুর বাজে না-
নাচের শব্দে মুখর হয় না প্রান্তর,
সুনসান নীরবতা কথাদের আত্মসাৎ করে নেয়,
শূন্যতায় স্তব্ধতায় দুপাশের বোবা দৃশ্যগুলো
দেখতে দেখতে তুমি হয়তো পৌঁছে যাবে কিছুদূর-
সীমান্তর কাঁটাতার বেড়া, অন্য দেশ, অন্য মানুষ
তোমার ঘোর লাগা দুচোখে অচেনা দৃশ্যপট,
বিভ্রান্ত তুমি অন্ধের মতো পথ হাতড়াবে-
তুমি যখন পেছনে ফিরবে
দেখবে হারিয়ে ফেলেছো সেই পথ
যে পথের কোনো বাঁক নেই।

মেকি বন্ধু

কোমল দাস

বুকে রাখলেই হয় না সবাই আপন,
কেউ বুকে থেকে খান খান করে বুক।
বন্ধুর মতো বুকের সঙ্গে মিশে,
শত্রুর ন্যায় কেউ কেউ কাড়ে সুখ।

মেকি বন্ধুই সমাজে এখন বেশি,
স্বার্থের কাছে ভালোবাসা হারে তাই।
পান থেকে যদি কিঞ্চিৎ চুন খসে,
স্বার্থের তাপে প্রেম করে ফেলে ছাই।

মুখোশের নিচে বিষধর বহু সাপ,
বন্ধুর বেশে থাকে আবরণ মেখে।
এদেরকে চেনা ভীষণ কঠিন কাজ,
সাবধান থেকো এসব বন্ধু থেকে।



বাতাসের জ্যামিতিক ঢেউ

গাউসুর রহমান

সৃষ্টির আগা-গোড়া শপথ করে,
সৃষ্টির আগা-গোড়া শপথ হারায়
মৃত্তিকাও অঙ্গার হয় একদিন
এক সময় পৃথিবীর জমিনেরও শিষ্টতা থাকে না।

এক সময় নদীও হয়ে যায়
ইস্পাতের মতো কঠিন,
বেদনায় জেগে ওঠে মাঝে মাঝে-
মানুষের আবেগ।

বাতাসের জ্যামিতিক ঢেউকে
ভূত বলে ভুল হয়,
মানুষের চাতুরীর মূঢ় হাসির
অর্থ বুঝি না আজও।

যূথচারী নারীরা চাঁদের দিকে
কেন তাকায়-
জানি না আমি।

নিঃশব্দ কোরবানি

আসাদুজ্জামান খান মুকুল

ঈদুল আজহা মানে কি শুধু নতুন সাজ-সজ্জা আর ছুরির- চিকচিক?
নাকি এমন এক প্রশ্ন, যার উত্তর সবাই এড়িয়ে যায়--
তুমি শেষ কবে ত্যাগ করতে পেরেছিলে?
না, পশু নয়, আমি বলছি তোমার অহংকার।

তোমার অভিমান, সেই ভালোবাসা,
যা এখন শুধু অধিকার দাবির মতো ঝুলে গলায়।
ইব্রাহিম (আঃ) কি সহজে ছুরি তুলেছিলেন পুত্রের গলায়?
না, তাঁর কাঁপা হৃদয়ে ছিল এক নিঃশব্দ জ্বলন!

কোরবানি মানে নিঃসঙ্গ একটা চূড়ান্ত ফায়সালা।
যেখানে কেউ দেখে না, শুধু তুমিই জানো--
তোমার হৃদয়টা কতটা ফেটে গেছে একবার কাটতেই।
মাটি রক্ত চেনে, কিন্তু মন কাকে চেনে?

তুমি যদি ঈদে পশু কোরবানি দিতে পারো,
তবে নিজেকে কি একটুকুও বদলাও?
আল্লাহ চায় না তোমার বড় ছাগল, দামি গরু, চায় সেই 'তুমি'
যে গোপনে নিজেকে কাটতে জানে।

জানার পরও কাউকে না দোষী করে, নিঃশব্দে ফিরে আসে।
ঈদের চাঁদ সবার জন্য ওঠে না--
সে শুধু দেখা যায় তাঁদের চোখে, যাঁরা সত্যি আত্মত্যাগ করতে জানে।

অষ্টম শতকের অভিশাপ

জেবুন্নেছা জোৎস্না

উটের কূঁজের জলে নিশ্চিন্ত যাপনে
আমরা আছি বেশ। তবে আজন্ম অভাগা
ফিলিস্তিনিরা পারেনি নিজ ভূমি ছেড়ে যেতে।
ওদের আকাশে বারুদের ধোঁয়ায়- পাখিরা নয়,
মানুষের দেহের বিচ্ছিন্ন অঙ্গরা, প্রত্যঙ্গ ওড়ে
সারি সারি সাদা কাফনের লাশে
বিবেকের বাতাস মানবতায় ভারী লাগে

ঘাতকের মিসাইল জেনেছে ঈশ্বর কোথাও নেই।
ধুলিসাৎ নগরীতে ভাঙছে মসজিদ, মিনার
স্তব্ধ মূয়াজ্জীনের আজান-
বৃষ্টির ফোঁটায় শ্বেত রক্ত, লাল রক্ত ঝরে!
আল্লাহকে ডেকে সাড়া পায়নি ওরা
খেয়েছে ক্ষুধায় ঘাস-লতা- পাতা
বাঁচে সাক্ষাৎ মৃত্যুর যমদূতের সাথে

তালমুদের ভবিষ্যদ্বাণী : "অষ্টম শতকের অভিশাপ",
আশি বছরের অধিক থাকবে না জালিমের রাষ্ট্র।
পঁচাত্তর বছর গিয়েছে, অপেক্ষায় আর কয়েকটি বছর।
ইতিমধ্যে পৃথিবীর খোলা কারাগার গাজায়, রাফায়
সর্ববৃহৎ কবরস্থান হয়েছে রচিত

নদী ও রক্ত

আলী আকবর বাবুল

নদী এখন তার নয়-
কারণ তার জল বয়ে নিয়ে গেছে
করিডোরের সংকেত।

এক দালাল দাঁড়িয়ে থাকে ব্রিজের একপাশে,
আর অন্য পাশে জেগে ওঠে কনভয়ের সাইরেন।
সে জানে না নদী কিভাবে কাঁদে,
সে বোঝে না জলের ভাষা-
তাকে শুধু পাথরের ওপর আঁকা ম্যাপ বোঝে।

নদীকে অপহরণ করা হয়েছে,
যেমনভাবে অপহরণ করা হয়েছে
এই জনপদের আত্মা।

ELECT

JANICE CHEN

DEMOCRAT FOR CIVIL COURT JUDGE



Qualified!
EQUAL JUSTICE FOR BROOKLYN'S CIVIL COURT
"Qualified – Kings County Screening Committee"

PREPARED
QUALIFIED
TRUSTED

Janicechenforcivilcourt.com

Vote. Democratic Primary, Tues. June 24

EARLY VOTING JUNE 14-22

PAID FOR BY JANICE CHEN FOR CIVIL COURT



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes



Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন নতুন ব্যবসা নূতনভাবে বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

আপনি ১ মিলিয়ন বা সর্বনিম্ন ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এদেশে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন রোগশয্যায় মরিজ/পরিবারের জন্য আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিয়ে পারেন এবং সুবিধা পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার ক্রিমিনাল এটেস্টেড ক্লেইম, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিলেশনশিপ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplle@gmail.com, Web: www.k-lplle.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit **2021** For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
